# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Boishakh 22, 1433 Bangla, May 06, 2026, Wednesday, No. 122, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, government is determined to keep country's road communication system normal and uninterrupted. (Jago FM: 11)

LGRD and Cooperatives Minister has expressed hope that efforts would be made to hold all local-level elections within next one year. (Jago FM: 14)

Prime Minister's Information and Broadcasting Adviser has commented that punitive action should be taken against those involved in negligence in measles vaccination. (Jago FM: 12)

Bangladesh's Commerce Minister has said, Banghladesh cannot unilaterally revoke its trade deal with US, signed earlier. (BBC: 03)

Foreign Minister has informed that Bangladesh will take necessary steps if any "push-in" incidents occur along Bangladesh-India border. (R. Today: 19)

Minister of Power, Energy and Mineral Resources has said, instructions have been given to install solar panels on office roofs to increase solar power capacity to 5,000 megawatts within next five years. (R. Today: 20)

Flood Forecasting and Warning Centre has warned that flood situation may deteriorate in low-lying areas adjacent to haors in Moulvibazar, Sylhet and Sunamganj districts. (BBC: 03)

ICT's Chief Prosecutor has informted that 58 people were killed in Dhaka, Narayanganj and Chittagong centering Hefazat-e-Islam rally at Shapla Chattar in capital in 2013. (Jago FM: 11)

Local residents have expressed concern over construction of houses by cutting down hills in Rohingya camp in Ukhiya, Cox's Bazar. (Jago FM: 12)

Analysts in Bangladesh opine that there is nothing to be worried about BJP's victory in West Bengal assembly election in India. (DW: 10)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
| --- | --- | --- |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ২২, বাংলা ১৪৩৩, মে ০৬, ২০২৬, বুধবার, নং- ১২২, ৫৬তম বছর**

# শিরোনাম

দেশের সড়ক যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক ও নির্বিঘ্ন রাখতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১১)

আগামী এক বছরের মধ্যেই সব ধাপের স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠানের চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী। (জাগো এফএম: ১৪)

শিশুদের হামের টিকা দিতে অবহেলার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত বলে মন্তব্য প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টার। (জাগো এফএম: ১২)

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগের কিছু নেই -- মন্তব্য বাণিজ্য মন্ত্রীর। (বিবিসি: ০৩)

পশ্চিমবঙ্গের ক্ষমতার পালাবদলে ‘পুশ-ইনের’ ঘটনা ঘটলে বাংলাদেশ ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রী। (রে. টুডে: ১৯)

আগামী পাঁচ বছরের মধ্যে সৌরবিদ্যুৎ পাঁচ হাজার মেগাওয়াটে উন্নীত করতে অফিসের ছাদে সোলার প্যানেল স্থাপনের নির্দেশনা দেওয়া হয়েছে বলেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী। (রে. টুডে: ২০)

মৌলভীবাজার, সিলেট ও সুনামগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে বলে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সতর্কবার্তা। (বিবিসি: ০৩)

২০১৩ সালে ৫ মে মাসে মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশকে ঘিরে ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে ৫৮ জন নিহত হয়েছে -- জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর। (জাগো এফএম: ১১)

কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে পাহাড় কেটে ঘর নির্মাণ নিয়ে স্থানীয়দের মধ্যে উৎকণ্ঠা। (জাগো এফএম: ১২)

ভারতের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে বিজেপির জয় নিয়ে ঢাকার আতঙ্কিত হওয়ার কিছু নেই বলে মনে করছেন বাংলাদেশের বিশ্লেষকেরা। (ডয়েচে ভেলে: ১০)

# বিবিসি

## এই দামি বালিশের একটি জাদুঘরে রাখা উচিত, অবিশ্বাস্য দাম শুনে সিএজিকে বললেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে পেশ করা সরকারি বিভিন্ন দপ্তর ও সংস্থার ৩৮টি রিপোর্টে স্থান পেয়েছে ফ্যাসিস্ট সরকারের আমলে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সেই আলোচিত 'বালিশ কাণ্ডের' দুর্নীতির প্রতিবেদন। ২০১৯ সালে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের 'গ্রিন সিটি' আবাসিক ভবনে আসবাবপত্র ও ইলেকট্রনিক সামগ্রী কেনাকাটায় অস্বাভাবিক মূল্য নিয়ে 'বালিশ কাণ্ড' দুর্নীতি সামনে আসে। প্রতিটি বালিশ কেনায় পাঁচ হাজার ৯৫৭ টাকা এবং তা ওপরে তোলার খরচসহ অন্যান্য সামগ্রীতে কোটি টাকার জালিয়াতি হয় বলে খবর প্রকাশ করেছে বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত সংবাদ সংস্থা বাসস। প্রধানমন্ত্রী প্রেস সচিব সালেহ শিবলী বিষয়টি নিশ্চিত করে জানান, "বাংলাদেশের মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক মো. নূরুল ইসলাম প্রধানমন্ত্রীর কাছে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার অডিট রিপোর্ট পেশ করেছেন, সেখানে বালিশ কাণ্ডের তদন্ত প্রতিবেদনও আছে।" প্রেস সচিব জানান, "প্রধানমন্ত্রী প্রতিবেদনে প্রতিটি বালিশের এক রকম অবিশ্বাস্য দাম শুনে সিএজিকে বলেছেন, এই দামি বালিশের একটি জাদুঘরে রাখা উচিত।"মঙ্গলবার বিকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে ২০২১-২২ অর্থ বছরের অডিট রিপোর্ট পেশ করেছেন মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক মো. নূরুল ইসলাম।

(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে আরো ছয় শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে বাংলাদেশে আরো ছয় শিশু মারা গেছে। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম রোগে মারা গেছে দুইজন এবং সন্দেহজনক হাম রোগে আরো চারজন মারা গেছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামে মারা গেছে ৫৪ জন। একইসঙ্গে, সন্দেহজনক হাম রোগে মারা গেছে ২৬৩ জন। স্বাস্থ্য অধিদপ্তরের এই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় ২৫৯ জন নিশ্চিত হাম রোগী শনাক্ত করা হয়েছে। আর হাম সন্দেহে ২৯ হাজার ৮৩১ জন হাসপাতালে ভর্তি হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## দেশের নদী বন্দরগুলোর ওপর দিয়ে বৃষ্টি, বজ্রবৃষ্টিসহ দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে

দেশের অভ্যন্তরীণ নদী বন্দরগুলোকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। মঙ্গলবার অধিদপ্তরের এক পূর্বাভাসে বলা হয়েছে, ঢাকা, খুলনা, ফরিদপুর, মাদারীপুর, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের ওপর দিয়ে পশ্চিম বা উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে বৃষ্টি বা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। বেলা আড়াইটা থেকে দিবাগত রাত ১টা পর্যন্ত এই পূর্বাভাস দেওয়া হয়েছে বলে আবহাওয়াবিদ মো. আব্দুল হামিদ মিয়া স্বাক্ষরিত এই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এসব এলাকার নদীবন্দরগুলোকে পুনরায় এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে এই বিজ্ঞপ্তিতে। (বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## আগামী পাঁচদিন মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রবৃষ্টির পূর্বাভাস

দেশের আট বিভাগে মঙ্গলবার সকাল ৯টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টা দমকা বা ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রবৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, লঘুচাপ বিরাজ রয়েছে এবং এই লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ থেকে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এতে বলা হয়েছে, মঙ্গলবার রংপুর, খুলনা, ময়মনসিংহ, বরিশাল ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের দুই-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রবৃষ্টি হতে পারে। একইসঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণও হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## তিন জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে

মৌলভীবাজার, সিলেট ও সুনামগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে বলে সতর্কবার্তা দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। মঙ্গলবারের এক সতর্কবার্তায় এই তথ্য জানিয়েছে এই কেন্দ্র। এতে বলা হয়েছে, হবিগঞ্জ জেলা সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে। নেত্রকোণা জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি অব্যাহত থাকতে পারে। উত্তর-পূর্বাঞ্চলীয় হাওর অববাহিকার নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসে বলা হয়েছে, এই অঞ্চলের মোট নয়টি নদী ১১টি পয়েন্টে প্রাক- মৌসুমি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগের কিছু নেই : বাণিজ্যমন্ত্রী

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগের কিছু নেই বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। মঙ্গলবার বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ কথা বলেন তিনি। তিনি বলেন, "যে-কোনো আন্তর্জাতিক

চুক্তি দুই পক্ষের সমন্বয়ে গড়ে ওঠে। এতে উভয় পক্ষের স্বার্থের বিষয়গুলো বিবেচনায় রেখেই একটি উইন-উইন পরিস্থিতি তৈরি করা হয়। কাজেই এই চুক্তি নিয়ে অযথা উদ্বেগের কিছু নেই।"

(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## পশ্চিমবঙ্গ নির্বাচনে বিজেপির জয় নিয়ে কী ভাবছে বাংলাদেশের দলগুলো

ভারতের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে বিজেপির জয় নিয়ে নানা ধরনের আলোচনা ও নানামুখী বিশ্লেষণ চলছে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর ভেতরে। বিশেষ করে প্রায় দেড় দশক পর মমতা ব্যানার্জীর রাজ্যের ক্ষমতা থেকে বিদায় এবং প্রথমবারের মতো ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিজেপি পশ্চিমবঙ্গের ক্ষমতায় আসার প্রভাব কেমন হবে, তা নিয়ে কৌতূহল আছে অনেকের মধ্যে। একইসঙ্গে তিস্তা নদীর পানি বণ্টন, সীমান্ত ইস্যু ও 'পুশ-ইন' কিংবা 'পুশ ব্যাক' ইস্যুর মতো দ্বিপাক্ষিক ইস্যুগুলোতে এখন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের ভূমিকা কেমন হবে, তা নিয়েও আলোচনা, কৌতূহল ও উদ্বেগ দেখা যাচ্ছে বিভিন্ন দলের মধ্যে। নির্বাচনের আগে কিছু ভারতীয় নেতার বাংলাদেশ নিয়ে করা বিভিন্ন মন্তব্য নিয়ে উদ্বেগ আছে বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে। পাশাপাশি বাংলাদেশি তকমা দিয়ে ভারতীয় নাগরিকদের বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা আরও বেড়ে যায় কি-না, সেই উদ্বেগও আছে অনেকের মধ্যে। কোনো কোনো দল বলছে, নির্বাচনের আগে বিজেপি নেতাদের কেউ কেউ বাংলাদেশ নিয়ে কিছু মন্তব্য করেছেন, যেগুলো তাদের মতে দুই দেশের সম্পর্কের জন্য ক্ষতিকর। বাংলাদেশ সরকারের দিক থেকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে ক্ষমতায় যে-ই আসুক, বাংলাদেশের সঙ্গে সম্পর্কে কোনো প্রভাব পড়বে না। ওদিকে, পশ্চিমবঙ্গের এই নির্বাচনের বেসরকারি ফলাফলে বড়ো ব্যবধানে মমতা ব্যানার্জীর তৃণমূল কংগ্রেসকে হটিয়ে বিজয়ী হয়েছে বিজেপি। এমনকি বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর কাছে হেরে গেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

দলগুলো যা বলছে

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর ভারতের সাথে সম্পর্কে চরম টানাপড়েন তৈরি হয়েছিল, যা এখনো পুরোপুরি স্বাভাবিক হয়নি। এর আগে, থেকেই বাংলাদেশের কিছু রাজনৈতিক দল সবসময়ই ভারতের বিরুদ্ধে বাংলাদেশের ওপর কর্তৃত্ব তৈরির অভিযোগ করে আসছে। এমনকি শেখ হাসিনা সরকার বিরুদ্ধে আন্দোলনেও এর প্রতিফলন দেখা গেছে। 'দিল্লি না ঢাকা, ঢাকা ঢাকা'-এমন স্লোগানও শোনা গেছে ঢাকার রাস্তায়। অন্তর্বর্তী সরকারের সময়ে, সংখ্যালঘুদের ওপর হামলার বিভিন্ন ঘটনায় দুই দেশের মধ্যে সম্পর্কের আরও অবনতি হয় এবং এর জের ধরে ভারতে বাংলাদেশ মিশনে হামলার ঘটনাও ঘটেছিল। ভারতের পণ্য বয়কটের ডাক, ঢাকায় ভারতীয় দূতাবাসের সাংস্কৃতিক কেন্দ্রে হামলা, বাংলাদেশে ভারতের ভিসা কার্যক্রম কার্যত বন্ধ করে দেওয়া, বিভিন্ন বাণিজ্য সুবিধা তুলে নেওয়া, ভারতে বিশ্বকাপে বাংলাদেশ ক্রিকেট দলের খেলতে না যাওয়া- এমন অনেক ঘটনায় দুই দেশের সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকেছিল অন্তর্বর্তী সরকারের সময়ে। যদিও বাংলাদেশে ফেব্রুয়ারির সাধারণ নির্বাচনের পর সম্পর্ক উন্নয়নের জন্য উভয় দেশের সরকারের দিক থেকেই দৃশ্যমান চেষ্টা দেখা যাচ্ছে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান দিল্লি সফর করে এসেছেন। ওই সফরের আগে বাংলাদেশের প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির সাংবাদিকদের বলেছিলেন, "এটা হচ্ছে একটা নিউ সম্পর্ক, বিটুইন বাংলাদেশ অ্যান্ড ইন্ডিয়া।"

এর আগে, আওয়ামী লীগ সরকারের আমলে ভারতের সাথে সবচেয়ে ভালো সম্পর্ক ছিল বলে মনে করা হলেও, ওই সময়ে তিস্তা নদীর পানি ইস্যুটির সমাধান করা যায়নি মূলত পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অবস্থানের কারণে। তিনি প্রকাশ্যেই এর বিরোধিতা করেছিলেন। আবার এবারের নির্বাচনের আগে বিভিন্ন সময়ে ভারতের বেশ কয়েকজন বিজেপি নেতা বাংলাদেশ সম্পর্কে যে-সব মন্তব্য করেছেন, সেগুলোও এ দেশে প্রতিক্রিয়া তৈরি করেছে বলে অনেকে মনে করেন। এমন প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গের নির্বাচনের ফল কোনদিকে যায়, সেদিকে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোরও দৃষ্টি ছিল। "নির্বাচনের আগে বিভিন্ন সময়ে সেখানকার কিছু নেতা বাংলাদেশ ও বাংলাদেশের জনগণ নিয়ে উদ্বেগজনক মন্তব্য করেছেন, যা দুঃখজনক। পশ্চিমবঙ্গের সঙ্গে আমাদের বড়ো সীমান্ত আছে এবং সম্পর্কের মাত্রা বহুমাত্রিক। এর মধ্যে এ ধরনের মন্তব্য সামনেও আসতে থাকলে সেটি এদেশেও প্রভাব ফেলতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ। তিনি বলেন, "আমরা আগে থেকেই পর্যবেক্ষণ করছিলাম। নির্বাচনে তৃণমূল কংগ্রেসকে হারানোর জন্য বিজেপি অগণতান্ত্রিক চেষ্টা করছে, এমন অভিযোগ ভারতীয় সংবাদমাধ্যমেই আমরা দেখেছি। ভোটার তালিকাকে টার্গেট করে তারা যা করেছে, সেটিকেও গণতান্ত্রিক মনে হয়নি।"

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলছেন, বাংলাদেশের রাজনীতিকে পশ্চিমবঙ্গের নির্বাচনের প্রভাব পড়বে না এবং বাংলাদেশের উগ্রবাদীদের উৎসাহিত হবার আশঙ্কা তারাও খুব একটা দেখছে না। "তবে তাদের হিন্দুত্ববাদীতা, সাম্প্রদায়িকতা ও উগ্রবাদীতা আমাদের উদ্বেগের বড়ো কারণ। তাদের রাষ্ট্রের যে আদর্শ ধর্মনিরপেক্ষতা, সেটিই তারাই তো মানছে না। মুসলিমের ওপর যে নিগ্রহ, সেটি তো সব দেখা যায় না। ভারত ধর্মনিরপেক্ষ থাকলে তো অন্য ধর্মের লোকেরা নিরাপদে থাকতো।" এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "ভারতের রাষ্ট্র ও সরকারের সহায়তা নিয়েই তো আওয়ামী লীগ শক্তি সঞ্চয় করেছিল এবং শেখ হাসিনা তাদের প্রশ্রয়েই আছেন। বিজেপি সরকার তো তাকে সহায়তা করছে। এখন তারা আরও শেল্টার পেয়ে ষড়যন্ত্র বাড়াতে পারে।"

তবে, বাংলাদেশের প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলছেন, পশ্চিমবঙ্গের নির্বাচন একেবারেই ভারতের অভ্যন্তরীণ বিষয় এবং সেখানকার মানুষ ভোটের মাধ্যমে তাদের গণতান্ত্রিক অধিকারের চর্চা করেছে। "তবে নিকটতম প্রতিবেশী হিসেবে দুই দেশের সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা মনে করি, যারাই ক্ষমতায় থাকুক দুই দেশের সম্পর্ক আরও এগিয়ে যাবে এবং এ থেকে মানুষ উপকৃত হবে। পারস্পরিক ন্যায়পরায়ণতার ভিত্তিতে নিশ্চয়ই দুই দেশ সম্পর্ককে আরও এগিয়ে নিবে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। কমিউনিস্ট পার্টির সভাপতিমন্ডলীর সদস্য মুজাহিদুল ইসলাম সেলিম বলছেন, পশ্চিমবঙ্গে বিজেপির জয়ের মধ্যদিয়ে একটি সাম্প্রদায়িক শক্তি ক্ষমতায় এলো এবং এটিও সত্যি যে, একই ধরনের সাম্প্রদায়িক শক্তি বাংলাদেশেও আছে। "বৈশ্বিক রাজনীতি বিশ্লেষণ করলে বোঝা যাবে ভারতবর্ষের রাজনীতিও একই সংকটে নিপতিত। সেখানে যারাই ক্ষমতায় আসুক বা থাকুক তাতে সংকটের সমাধান হবে না, কারণ তারা সবাই বুর্জোয়া ও করপোরেট শক্তির ধারক বাহক। তবে আমি বিশ্বাস করি, দুই দেশের সাধারণ মানুষ গণতন্ত্র ও অসাম্প্রদায়িকতার ভিত্তিতেই সমাজকে এগিয়ে নিবে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। ওদিকে, বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারে যেই থাকুক না কেন, অমীমাংসিত বিষয়গুলোর সমাধানে বাংলাদেশে একই দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেছেন, যেই সরকার আসুক না কেন বা থাকুক না কেন, তাদের সাথে আলোচনার ভিত্তিতে সমাধান করতে হবে। "ভারতে যে সরকারই ক্ষমতায় থাকুক না কেন, আমাদের সাথে ইস্যুগুলা কিন্তু রয়েই যায়। ওগুলোতো আমাদের অবশ্যই ডিল করতে হবে," বলেছেন বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ।(বিবিসি ওয়েব পেজ : ০৫.০৫.২০২৬ আলী আহমেদ)

**'মাত্র ৩০ কেজি ওজনের ১১ বছরের শিশুর পেটে বাচ্চা, আমরা জানি না তার ভবিষ্যৎ আসলে কী?'**

"মেয়েটা যখন আমার চেম্বারে আসলো, আমি তাকে তাকে জিজ্ঞেস করি, মা তোমার কী হইছে? মেয়েটা তখন খুব ভয় পাচ্ছিল। তখন মেয়েটির হাতে একটা কলম ও চকলেট দিয়ে স্বাভাবিক করার চেষ্টা করলাম। তারপর আবার জিজ্ঞেস করলাম, মা তোমার কি হয়েছে বলো?" "মেয়েটা বলল, "ম্যাডাম আমার পেটটা ভারভার লাগে, পেটের মধ্যে কী জানি লড়েচড়ে। তারপর তার মার কাছ থেকে পুরো ঘটনাটা শুনলাম," বিবিসি বাংলার কাছে কথাগুলো বলছিলেন নেত্রকোণার গাইনি চিকিৎসক সায়েমা আক্তার। মিজ আক্তার যেই শিশুটির কথা বলছিলেন, তার বয়স মাত্র ১১ বছর। তিনি পড়েন নেত্রকোণার মদন উপজেলার একটি কওমি মাদ্রাসায় দ্বিতীয় শ্রেণিতে। গত ২৩ এপ্রিল ওই শিশু শিক্ষার্থীর পরিবার মদন উপজেলায় একটি মামলা দায়ের করেন। সেই মামলায় অভিযোগ করেন গত বছরের নভেম্বরে তার মাদ্রাসাটির শিক্ষক তাকে ধর্ষণের পর, বিষয়টি জানাজানি না করতে ভয়ভীতি প্রদর্শন করে। পরে শিশুটির পরিবার বিষয়টি জানতে পারে গত এপ্রিলে। অভিযুক্ত শিক্ষক ও তার ভাইয়ের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। শিশুটির পরিবারের সদস্যরা জানান, গত কয়েকদিন ধরে শিশুটির শারীরিক আকৃতিতে পরিবর্তন আসার পর তার পরিবার বিষয়টি নিয়ে জানতে চান। এক পর্যায়ে শিশুটি ঘটনাটি জানানোর পর তারা থানায় মামলা দায়ের করে। গত বৃহস্পতিবার শিশুটির পেটে অস্বাভাবিক কিছু দেখতে পেয়ে মদন উপজেলার একটি হাসপাতালে নিয়ে যান পরিবারের সদস্যরা। ওই শিশুটির আলাট্রাসনোগ্রাম করার পর বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘটনাটির পরিস্থিতি তুলে ধরে ছোটো একটি ভিডিও আপলোড করেন চিকিৎসক মিজ আক্তার।

মিজ. আক্তার বিবিসি বাংলাকে বলেছেন, "ওই ভিডিওতে ঘটনার বর্ণনা তুলে ধরার পরই বিভিন্ন জায়গা থেকে নানা ধরনের হুমকি দেওয়া হচ্ছে। মামলার ১৩দিন পর অভিযুক্ত ওই মাদ্রাসা শিক্ষককে পুলিশ আটক করতে না পারলেও, তিনি ভিডিও বার্তায় বিভ্রান্তি ছড়াচ্ছে বলে অভিযোগ করেছে ওই শিশুটির পরিবার। ধর্ষণের এই ঘটনাটিকে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা সমালোচনা তৈরির পর মঙ্গলবার দুপুরে ওই শিশুটির বাড়িতে গিয়ে কিছু ফল ও শুকনো খাবার দিয়ে এসেছে উপজেলা প্রশাসন।

মামলার এজাহারে যা বলা হয়েছে

ওই ঘটনার বিবরণ তুলে ধরেন ভুক্তভোগী ওই শিশুটির মা গত ২৩ এপ্রিল নেত্রকোণার মদন থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় অভিযোগে জানানো হয়, তার একমাত্র মেয়ে নেত্রকোণার মদন উপজেলার ফাতেমাতুজ জোহরা মহিলা কওমি মাদরাসার দ্বিতীয় শ্রেণির ছাত্রী ছিল। এজাহারে বলা হয়, গত বছরের দোসরা নভেম্বর বিকেলে মাদ্রাসা ছুটির পর অভিযুক্ত শিক্ষক মেয়েটিকে ডেকে মাদ্রাসা সংলগ্ন মসজিদ ঝাড়ু দিতে বলেন। ওইদিন বিকেলে মাদ্রাসার অন্য শিক্ষক-শিক্ষার্থীরা বাড়ি চলে যান। ঝাড়ু শেষে একটি কক্ষে মেয়েটিকে ডেকে নিয়ে ভয়ভীতি দেখিয়ে ধর্ষণ করেন। এ ঘটনা কাউকে জানালে ওই শিশুকে এবং তার মা ও ছোটো ভাইদের মেরে ফেলার হুমকি দেওয়া হয়। অভিযোগে জানানো হয়, এর চার-পাঁচদিন পর আবারও শিশুটিকে ধর্ষণ করেন ওই মাদ্রাসা শিক্ষক। সম্প্রতি শিশুটি অসুস্থ বোধ করছিল এবং তার মধ্যে শারীরিক পরিবর্তন দেখা যায়। পরে তার মা সিলেট থেকে এসে মেয়েকে জিজ্ঞাসাবাদ করে বিষয়টি জানতে পারেন। পরে গত ১৮ এপ্রিল শিশুটিকে মদন উপজেলা শহরে একটি ক্লিনিকে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রয়োজনীয় বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা শেষে চিকিৎসক জানান, শিশুটি অন্তঃসত্ত্বা। পরে এ ঘটনায় ওই ছাত্রীর মা বৃহস্পতিবার বাদী হয়ে থানায় মামলা করেন। মামলার অভিযোগে বলা হয়, মেয়ের কাছ থেকে এই ঘটনাটি জানতে

পেরে ওই শিক্ষকের ভাইয়ের কাছে বিষয়টি নিয়ে নালিশ দেন ভুক্তভোগীর পরিবার। কিন্তু বিষয়টি কাউকে না জানাতে হুমকি প্রদান করা হয় বলেও জানানো হয় অভিযোগে।

মদন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা ওসি মো. তরিকুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "ডাক্তারের রিপোর্ট অনুসারে ঘটনাটি ঘটেছে। আমরা মেয়েটির পরিবারের সাথেও কথা বলেছি। তারা মামলা দায়ের করেছে। তারই ধারাবাহিকতায় পুলিশ মামলা নিয়েছে।" ভুক্তভোগী ওই শিশুটির মামা বিবিসি বাংলাকে বলেন, "আমরা মামলা করেছি। কিন্তু পুলিশ এখনো কোনো ব্যবস্থা নেয়নি। আমরা কোনো টাকা পয়সা বা সাহায্য চাই না। আমরা এই ঘটনার বিচার চাই।"

অভিযুক্তের ভিডিও বার্তা, খুঁজে পাচ্ছে না পুলিশ

এই ঘটনাটি নিয়ে ভুক্তভোগীর পরিবার, মাদ্রাসাটির শিক্ষক, পুলিশ ও উপজেলা প্রশাসন, স্থানীয় গণমাধ্যমকর্মীদের সাথে কথা বলেছে বিবিসি বাংলা। মামলার এজাহার ও স্থানীয় সূত্রগুলো জানাচ্ছে, নেত্রকোণার মদন উপজেলার পাঁচহার গ্রামে ২০২২ সালে 'হযরত ফাতেমাতুজ জোহরা কওমি মহিলা মাদরাসা' নামের এই মাদ্রাসাটি প্রতিষ্ঠা হয়। অভিযুক্ত ওই শিক্ষক নিজেই প্রতিষ্ঠা করেন মহিলা মাদ্রাসাটি এবং নিজেই যার পরিচালক এবং তারই স্ত্রী মাদ্রাসাটির প্রধান শিক্ষক। ওই মাদ্রাসার শিক্ষক মাহবুবুর রহমান বিবিসি বাংলাকে জানান, চার বছর আগে প্রতিষ্ঠিত এই মাদ্রাসায় প্রায় একশোরও বেশি ছাত্র-ছাত্রী পড়াশোনা করতো। মাদ্রাসার পরিচালকের বিরুদ্ধে মামলার পর থেকে বতর্মানে মাদ্রাসাটি বন্ধ আছে। নেত্রকোণার মদন উপজেলা সদর থেকে প্রায় সাত কিলোমিটার দূরে অবস্থিত এই মাদ্রাসাটি। মাদ্রাসা পরিচালক ও অভিযুক্ত ওই শিক্ষকের বিরুদ্ধে গত ২৩ এপ্রিল ধর্ষণ মামলা দায়ের করেন মাদ্রাসার দ্বিতীয় শ্রেণির ওই ছাত্রীর পরিবার। মামলার পর থেকে মাদ্রাসা আর আসেননি অভিযুক্ত শিক্ষক। সেই থেকেই বন্ধ রয়েছে মাদ্রাসাটি আর পলাতক অবস্থায় আছেন ওই শিক্ষক। সোমবার অজ্ঞাত স্থান থেকে ওই শিক্ষকের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। যাতে অভিযুক্ত ওই শিক্ষককে নিজেকে নির্দোষ দাবি করে বক্তব্য দিতে দেখা যায়। যদিও ভিডিওটি স্বাধীনভাবে যাচাই করতে পারেনি বিবিসি বাংলা। মামলার এজাহারে অভিযুক্ত শিক্ষক ও তার আপন ভাইকে আসামি করা হয়।

মাদ্রাসা শিক্ষক মি. রহমান বিবিসি বাংলাকে জানান, দুইদিন আগে মামলার আসামি অভিযুক্ত শিক্ষকের ভাই জামিনে বের হয়েছেন। তবে, আত্মগোপনে আছেন মুল অভিযুক্ত। মামলার এতদিন পরেও অভিযুক্তকে আটক করতে না পারায় ক্ষোভ প্রকাশ করেন ভুক্তভোগীর পরিবার। ওই শিশুটির মামা বিবিসি বাংলাকে বলেন, "আসামি বাংলাদেশের ভেতরে বসে ভিডিওতে আবোল-তাবোল বলতেছে, প্রশাসন তারে গ্রেফতার করতেছে না। প্রশাসন কি এত দুর্বল হয়ে গেছে?" তিনি বলেন, "ওই লোক ভিডিও ছাড়ার পর আমরা পুলিশকে জানালাম, পুলিশ আমারে উল্টা জিজ্ঞেস করে কোন আইডি থেকে ভিডিও দিছে, কখন দিছে, বিস্তারিত তথ্য কি এসব আমাগো কাছে জানতে চায়। সারা দুনিয়ার মানুষ দেখতেছে, ওনারা কি এটা খুঁজে দেখতে পারে না।"

'পরীক্ষা করা চিকিৎসক নিরাপত্তাহীনতায়'

গত বৃহস্পতিবার নেত্রকোণার মদন উপজেলার একটি হাসপাতালে ওই শিশুটিকে নিয়ে যান তার মা। সেখানে তার আল্ট্রাসনোগ্রাম করিয়েছিলেন চিকিৎসক সায়েমা আক্তার। শারীরিক পরীক্ষা-নিরীক্ষার পর মেয়েটির অন্তঃসত্ত্বা হওয়ার বিষয়টি নিশ্চিত করা চিকিৎসক মিজ আক্তার। তিনি জানান, শিশুটি প্রথমে ভয় পাচ্ছিলো। পরে তাকে স্বাভাবিক করার পর শিশুটি ধর্ষণের বিষয়টি নিয়ে কথা বলেছে। শিশুটি তখন ধর্ষণের জন্য তার মাদ্রাসার হুজুরের কথা বলছিলেন। বিবিসি বাংলাকে মিজ আক্তার বলেন, "বাচ্চাটা আমার পরিচিতও না। তার কোন আত্মীয়ও আমার পরিচিত না। অন্য আট দশটা রোগীর মতোই সে রোগী হিসেবে আমার কাছে এসেছে। আমি বিস্তারিত শোনার পরই এটা নিয়ে কথা বলেছি।" ওই চিকিৎসক অভিযোগ করেন, ওই ঘটনার পরই দেশ ও দেশের বাইরে থেকে বিভিন্ন মানুষ তাকে নানা ধরনের হুমকি ও সাইবার বুলিং করছে। তাকে নানা ধরনের হুমকিও দিচ্ছে। "ওরা বলতেছে, আমি নাকি টাকা খাইছি, আমি নাকি ভুয়া, আমার সার্টিফিকেট ভুয়া, আমার নামে সব ধরনের মিথ্যা প্রোপাগান্ডা ছড়ানো হচ্ছে। এখন এমন একটা অবস্থা হইছে, আমি আমার বাচ্চাকে স্কুলেও পাঠাতে পারবো না," বলছিলেন মিজ আক্তার। ভুক্তভোগীর স্বামী আসিফুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, এই ঘটনার পর আমাদের জীবনে চরম হুমকি নিয়ে আসছে। বুলিং থেকে শুরু করে নানাভাবে হয়রানি করা হচ্ছে। আমরা এক ধরনের ট্রমার মধ্যে আছি।" নেত্রকোণার মদন থানার ওসি মো. তরিকুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "'আমাদের কাছে এ নিয়ে কেউ আনুষ্ঠানিকভাবে অভিযোগ দাখিল করলে, আমরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবো।"

শিশুটির এখন কী হবে?

মামলার এজাহারে শিশুটির পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে গত বছরের নভেম্বরে শিশুটিকে ধর্ষণের পর তাকে ঘটনাটি কাউকে না জানাতে হুমকি দিয়েছিল অভিযুক্ত শিক্ষক। শিশুটির মামা বিবিসি বাংলাকে জানান, গত মাসখানেক আগে শিশুটির শরীরে তারা পরিবর্তন দেখতে পান। ওই শিশুটির পিতা তার মাকে ডিভোর্স দিয়ে চলে গেছেন। শিশুটির মা সিলেটে গৃহকর্মীর কাজ করেন। যে কারণে শিশুটি মদন উপজেলায় তার নানার বাড়িতে থাকেন। তার মামা জানান, ওই ঘটনার পর মাদ্রাসার ওই শিক্ষক তাকে হুমকি দেওয়ার কারণে তাদের ভাগ্নি ঘটনাটি কাউকে বলেনি। পরিবারের মধ্যে বিষয়টি নিয়ে আলোচনার পর শিশুটির মা আসেন সিলেট থেকে। পরে গত মাসে মামলা

দায়ের করা হয়। মদন থানার ওসি মো. তরিকুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "আমাদের ধারণা ওই শিক্ষক এই ঘটনায় হয়ত জড়িত। যদি জড়িত না থাকত, তাহলে তো সে পালাতো না। আমরা নিয়মিত অভিযান পরিচালনা করছি। অভিযুক্তকে আটকে সর্বোচ্চ চেষ্টা আমরা চালাচ্ছি।" কিন্তু এতদিনেও পুলিশ তাকে খুঁজে পায়নি বা আটক করতে পারেনি। চিকিৎসক সায়েমা আক্তার বিবিসি বাংলাকে জানান, অন্তঃসত্ত্বা হওয়া শিশুটির বর্তমান বয়স ১১ বছর কিংবা তার চেয়ে একটু বেশি। শিশুটির ওজন মাত্র ৩০ কেজি। তিনি বলেন, "মাত্র ৩০ কেজি ওজনের ১১ বছরের একটা শিশুর পেটে যে বাচ্চা, সেটির ওজন ৯০০ গ্রামের বেশি। এই অবস্থায় 'ও' কী করবে, আমরা কল্পনা করতে পারছি না। এই বয়সের মেয়েটাকে যদি ডেলিভারি করানো হয়, সে কী বাঁচবে? সিজার করলে বাঁচানো যাবে? আমরা জানি না। আমরা আসলে জানি না, তার ভবিষ্যতটা আসলে কী?" ভুক্তভোগী শিশুটির মা বিবিসি বাংলাকে বলেন, আমরা জানি না এখন কী করবো। আমরা এই ঘটনার বিচার চাই।" মামলার ১৫ দিন পরে সোমবার থেকে ওই চিকিৎসকের বক্তব্য ভাইরাল হওয়ার পর বিষয়টি নিয়ে আলোচনা হয়। এমন পরিস্থিতিতে মঙ্গলবার সকালে শিশুটির খোঁজ নিতে ফল ও শুকনো খাবার নিয়ে তার বাড়িতে যান উপজেলা প্রশাসন। উপজেলা নির্বাহী কর্মকর্তা বেদবতী মিস্ত্রী বিবিসি বাংলাকে বলেন, "মেয়েটির শারীরিক অবস্থা এখন খুব খারাপ। সে রক্তশূন্যতায় ভুগছে। হিমোগ্লোবিনের অভাব আছে। আমরা তার চিকিৎসা সেবা নিশ্চিত করবো।" "আমরা পরিবারটিকে বলে এসেছি, শিশুটির বাচ্চা প্রসব হওয়া পর্যন্ত তার চিকিৎসার দায়িত্ব সরকারের। আমাদের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা থাকবে।"
(বিবিসি ওয়েব পেজ : ০৫.০৫.২০২৬ আলী আহমেদ)

## পাকিস্তানের মধ্যস্থতায় আলোচনা 'এগিয়ে যাচ্ছে': আরাঘচি

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে লিখেছেন যে, হরমুজ প্রণালিতে সাম্প্রতিক ঘটনাগুলো দেখাচ্ছে, এই রাজনৈতিক সংকটের কোনো সামরিক সমাধান নেই এবং পাকিস্তানের মধ্যস্থতায় আলোচনা "এগিয়ে যাচ্ছে"। সঙ্গে তিনি সতর্কতা উচ্চারণ করে এটাও বলেন, ওয়াশিংটনকে সজাগ থাকতে হবে, যারা শুভাকাঙ্ক্ষী নয়, তারা যাতে যুক্তরাষ্ট্রকে "সংঘাতের আরেকটি গোলক ধাঁধায়" টেনে নিতে না পারে। তিনি সংযুক্ত আরব আমিরাতকেও একই পরামর্শ দেন। আরাঘচি 'ফ্রিডম প্রজেক্ট'-কে একটি "অচলাবস্থা প্রকল্প" বলে আখ্যা দেন। ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে, সোমবার যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী শতাধিক বিমান ও কয়েকটি ডেস্ট্রয়ার নিয়ে হরমুজ প্রণালি দিয়ে বাণিজ্যিক জাহাজের অবাধ চলাচলে সহায়তা শুরুর উদ্যোগ নিয়েছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট এই অভিযানের নাম দেন 'প্রজেক্ট ফ্রিডম'। এই অভিযান হরমুজ প্রণালিতে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে উত্তেজনা আরও বাড়িয়ে তোলে। ইরান জানায়, তারা ডেস্ট্রয়ার লক্ষ্য করে গুলি চালিয়েছে। আর যুক্তরাষ্ট্র বলছে, তারা ইরানের দ্রুতগামী নৌযানগুলোকে লক্ষ্যবস্তু করেছে। তবে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) তাদের নৌযান ধ্বংস হওয়ার দাবি অস্বীকার করেছে। আর ট্রাম্প সতর্ক করে বলেন, ইরান যদি মার্কিন জাহাজে হামলা চালায়, তাহলে দেশটিকে "পৃথিবীর মানচিত্র থেকেই মুছে ফেলা হবে"। হরমুজ প্রণালিতে এখনো জাহাজ চলাচল কম রয়েছে। কয়েক ঘণ্টা আগে জাহাজ পরিবহণ কোম্পানি মায়েরস্ক ঘোষণা দেয়, যুক্তরাষ্ট্রের সুরক্ষায় তাদের একটি জাহাজ প্রণালিটি অতিক্রম করেছে। রেভল্যুশনারি গার্ড জানায়, গত রাতে হরমুজ প্রণালি দিয়ে কোনো বাণিজ্যিক বা তেলবাহী ট্যাংকার অতিক্রম করেনি।(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## ইরান ভঙ্গুর যুদ্ধবিরতিকে বিপজ্জনক করে তুলছে, বলছেন আরব জোটের কর্মকর্তারা

আরব লীগের সহকারী মহাসচিব হোসাম জাকি জানিয়েছেন, সংযুক্ত আরব আমিরাতের একটি তেল বন্দরে ইরানের হামলার খবরটি একটি "সত্যিই দুর্ভাগ্যজনক ঘটনা"। মি. জাকি মিশরীয় পররাষ্ট্র মন্ত্রণালয়েও বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন। বিবিসি রেডিও ফোর এর টুডে প্রোগ্রামে তিনি বলেন, "ইরান যা করছে, তা আমাদের অত্যন্ত ভঙ্গুর যুদ্ধবিরতিকে সত্যিই বিপন্ন করে তুলছে।" পাকিস্তান মধ্যস্থতা করছে, এমন পরিস্থিতিতে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান আলোচনায় আরব রাষ্ট্রগুলোর জোট "সরাসরি অংশ না নিলেও", তারা এমন একটি সমাধান চাইছে, যা "হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী সকল জাহাজের নিরাপত্তা নিশ্চিত করবে," বলেন মি. জাকি।
(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## সংযুক্ত আরব আমিরাতে হামলার নিন্দা এবং যুদ্ধবিরতি মেনে চলার আহ্বান মধ্যস্থতাকারী পাকিস্তানের

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করা পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেছেন, "গতরাতে সংযুক্ত আরব আমিরাতের বেসামরিক অবকাঠামোতে চালানো মিসাইল ও ড্রোন হামলার তীব্র নিন্দা জানায়" তার দেশ। সোমবার একাধিক ইরানি মিসাইল ও ড্রোন প্রতিহত করা হয়েছে বলে দাবি করেছে আরব আমিরাত। সেখানে একটি তেল বন্দরেও হামলা হয়েছে বলে খবর পাওয়া গেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে পাকিস্তানের প্রধানমন্ত্রী শরিফ বলেন, "এই অঞ্চলে স্থায়ী শান্তি ও স্থিতিশীলতার লক্ষ্যে আলোচনার জন্য প্রয়োজনীয় কূটনৈতিক সুযোগ তৈরি করতে যুদ্ধবিরতি বজায় রাখা এবং সেটির প্রতি সম্মান দেখানো অত্যন্ত জরুরি।" পাকিস্তানের ক্ষমতাসীন জোট সরকারের একটি অংশ পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো জারদারি বিবিসি ওয়ার্ল্ড সার্ভিসের নিউজ ডে প্রোগ্রামে বলেন, উভয় পক্ষের উচিত, "উত্তেজনা বৃদ্ধি এড়িয়ে চলা এবং কূটনীতির প্রতি তাদের প্রতিশ্রুতি

বজায় রাখা।” পাকিস্তান “এখনও তথ্য আদান-প্রদান করছে এবং আস্থা বৃদ্ধির সুযোগ তৈরির চেষ্টা করছে” উল্লেখ করে মি. জারদারি বলেন, তবে “গতকালের হামলার” মতো ঘটনাগুলো “প্রক্রিয়াটিকে জটিল করে তোলে।”
(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

**এখন পর্যন্ত হরমুজ প্রণালিতে ৫১টি জাহাজ প্রতিহত করা হয়েছে : যুক্তরাষ্ট্র**

ইরানি বন্দর অবরোধের অংশ হিসেবে হরমুজ প্রণালিতে এখন পর্যন্ত ৫১টি জাহাজের পথ ঘুরিয়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড(সেন্টকম)। মার্কিন বাহিনী গত এপ্রিলে জানিয়েছিল, তারা ইরানের উপকূলের দিকে যাওয়া বা সেখান থেকে আসা জাহাজগুলোকে আটকে দেবে অথবা ফিরিয়ে দেবে। ইরানের সরকার যাতে তেল রপ্তানি করে মুনাফা অর্জন করতে না পারে, সেটি নিশ্চিত করাই ছিল এই পদক্ষেপের মূল লক্ষ্য। “প্রজেক্ট ফ্রিডম” থেকে সম্পূর্ণ আলাদা এই অভিযানটি। গত রোববার প্রেসিডেন্ট ট্রাম্প “প্রজেক্ট ফ্রিডম”-এর ঘোষণা দিয়েছিলেন, যেটির উদ্দেশ্য, হরমুজ প্রণালিতে আটকে পড়া জাহাজগুলোকে নিরাপদে বের করে আনা।
(বিবিসি ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

বাংলাদেশে হাম ও হামের উপসর্গে আরও ৬ শিশুর মৃত্যু, এ পর্যন্ত মৃত্যু ৩১৭

বাংলাদেশে হাম ও হামের উপসর্গে গত ২৪ ঘণ্টায় আরও ৬ শিশু মারা গেছে। এর মধ্যে দুই শিশুর হাম শনাক্ত হয়েছিল। হামের উপসর্গ ছিল চার শিশুর। এ সময় সারা দেশে আরও ১ হাজার ১৮৬ শিশুর শরীরে হামের উপসর্গ দেখা দেওয়ার তথ্য দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। হাম শনাক্ত হয়ে দুই শিশু ঢাকায় মারা গেছে। আর হামের উপসর্গে খুলনা ও রাজশাহীতে দুইজন এবং সিলেটে দুইজন মারা গেছে। আজ স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে হামের উপসর্গে দেশে ২৬৩ শিশুর মৃত্যুর তথ্য জানা গেছে। এ সময়ে হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে ৫৪ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, চলতি বছরের ১৫ মার্চ থেকে হামের উপসর্গ দেখা দিয়েছে ৪২ হাজার ৯৭৯ শিশুর। এ সময় হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ২৯ হাজার ৮৩১ শিশু। তবে এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে বাড়িতে ফিরেছে ২৬ হাজার ৩৬৮ শিশু। ১৫ মার্চ থেকে দেশে ৫ হাজার ৭২৬ শিশুর শরীরে হাম শনাক্ত হয়েছে বলেও উল্লেখ করেছে স্বাস্থ্য অধিদপ্তর।

এদিকে, বিশেষজ্ঞরা বলছেন, সংক্রামক রোগ নিয়ন্ত্রণে চরম অদক্ষতা ও উদাসীনতার ফলে দেশে হামের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এই রোগে দেশজুড়ে এখন পর্যন্ত ৩১৭ টি শিশুর মৃত্যু হয়েছে। হামের উপসর্গ নিয়ে মৃত্যুর হিসাবও এর মধ্যে অন্তর্ভুক্ত। শিশুদের নিয়মমতো টিকা দেওয়ায় একসময় হামের সংক্রমণ বিরল হয়ে পড়েছিল। কিন্তু চলতি বছর এই রোগের সংক্রমণ যেমন বাড়ছে, তেমনি বাড়ছে মৃত্যুর সংখ্যাও। গতকাল পর্যন্ত দেশের ৬১ জেলায় হামে আক্রান্তের সংখ্যা ৪৫ হাজার ছাড়িয়েছে। বিশেষজ্ঞদের মতে, সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন সরকারের ভুল সিদ্ধান্ত ও অব্যবস্থাপনার কারণেই এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। দরিদ্র দেশগুলোর জন্য একসময় উদাহরণ হিসেবে বিবেচিত বাংলাদেশের টিকাদান কর্মসূচি সদ্য সাবেক এই সরকারের ১৮ মাসের আমলে কার্যত ভেঙে পড়ে। টিকা কেনার পদ্ধতি ও অর্থায়নের উৎস পরিবর্তনের উদ্যোগ নেওয়ায় পুরো প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা তৈরি হয়, যা থেকে দেখা দেয় টিকার সংকট। শেষ পর্যন্ত টিকার মজুত একেবারে তলানিতে নেমে আসে। এর ধারাবাহিকতায় শুরু হয় হামের প্রাদুর্ভাব। এর সঙ্গে স্বাস্থ্যকর্মীদের আন্দোলন এবং কয়েক দফায় কর্মবিরতি পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। বিশেষজ্ঞরা টিকাদান কর্মসূচির আওতা কমে যাওয়ার বিষয়ে বারবার সতর্ক করলেও, অন্তর্বর্তী সরকার তাদের পুরো মেয়াদে কোনো বিশেষ ক্যাম্পেইন পরিচালনা করেনি। ২০২৪ সালের মাঝামাঝি বা শেষ দিকে একটি বিশেষ হাম টিকাদান কর্মসূচি চালানোর কথা থাকলেও তা বাস্তবায়িত হয়নি।

২০২৪ থেকে ২০২৫ সালের মধ্যে হাম ও রুবেলা (এমআর-১ ও এমআর-২) টিকার মজুত ফুরিয়ে যাওয়া, নিয়মিত টিকাদানে ঘাটতি এবং ২০২০ সালের পর থেকে দেশব্যাপী সম্পূরক ক্যাম্পেইন না হওয়াকে এ সংকটের মূল কারণ হিসেবে চিহ্নিত করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। স্বাস্থ্য বিশেষজ্ঞ ও স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক রোগনিয়ন্ত্রণ পরিচালক অধ্যাপক বেনজির আহমেদ বলেন, বহু পরীক্ষিত এই কর্মসূচি খামখেয়ালিভাবে বন্ধ করা উচিত হয়নি। তিনি বলেন, দুর্নীতির অভিযোগ থাকলেও সরকার চাইলে সেগুলো সমাধান করতে পারত। কিন্তু পুরো কর্মসূচি হঠাৎ বন্ধ করে দেওয়া হয়েছে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী অধ্যাপক সায়েদুর রহমান বলেন, দীর্ঘদিন ধরে পুরো খাতটি অপারেশন প্ল্যাননির্ভর থাকায় নতুন ব্যবস্থায় যেতে আন্তঃবিভাগীয় ব্যাপক সমন্বয়ের প্রয়োজনীয়তা দেখা দেয়। কিন্তু তাতে যে এত সময় লাগবে, তা অন্তর্বর্তী সরকার আগে বুঝতে পারেনি। তিনি বলেন, কর্মকর্তারা নতুন ব্যবস্থার সঙ্গে অভ্যস্ত না হওয়া এবং নতুন উদ্যোগ নিয়ে আমলাতান্ত্রিক জটিলতার কারণেই মূলত বিলম্ব হয়েছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৫.০৫.২০২৬ নারগীস)

## এনএইচকে

### হরমুজ প্রণালি দিয়ে নিরাপদ চলাচলের দাবি মার্কিন সেন্টকমের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রবিবার সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে জাহাজগুলোর নিরাপদ চলাচল নিশ্চিত করতে তিনি 'প্রজেক্ট ফ্রিডম' নামে একটি অভিযান শুরু করেছেন। সামরিক বাহিনী সোমবার জানায়, দুটি জাহাজ ইতোমধ্যে প্রণালিটি অতিক্রম করেছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড সামাজিক যোগাযোগ মাধ্যমে জানায় যে, দুটি বাণিজ্যিক জাহাজ প্রণালিটি অতিক্রম করে। এতে বলা হয়, সহায়তার জন্য পারস্য উপসাগরে গাইডেড-মিসাইল ডেস্ট্রয়ার রয়েছে। অর্থমন্ত্রী স্কট বেসেন্ট ফক্স নিউজ চ্যানেলের 'আমেরিকা নিউজরুম'-এ এই অভিযানটিকে একটি "আন্তর্জাতিক মানবিক অভিযান" হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, জাহাজগুলো শুধু জ্বালানিই নয়, খাদ্য ও সারও বহন করছে এবং গুলি চালানো হলে মার্কিন বাহিনী তার জবাব দেবে। ইসলামিক রেভল্যুশনারি রক্ষীবাহিনী সোমবার তাসনিম নিউজ এজেন্সির মাধ্যমে এক বিবৃতি প্রকাশ করে। এতে বলা হয়, প্রণালিটি দিয়ে কোনো জাহাজ চলাচল করেনি এবং যুক্তরাষ্ট্রের দাবিকে 'নিছক মিথ্যা' বলে উপহাস করা হয়। এতে আরও বলা হয় যে, তাদের নীতি লঙ্ঘনকারী সকল জাহাজকে 'বলপ্রয়োগ করে থামানো হবে'। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানায়, নৌবাহিনী প্রণালিটির কাছে মার্কিন ডেস্ট্রয়ারগুলোকে লক্ষ্য করে 'সতর্কতা গুলি' চালায়। সংযুক্ত আরব আমিরাতের কর্মকর্তারা জানান, প্রণালি দিয়ে যাওয়ার সময় তাদের একটি ট্যাংকার আক্রান্ত হয়েছিল। তারা এর জন্য দুটি ইরানি ড্রোন হামলাকে দায়ী করেন। দক্ষিণ কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা দক্ষিণ কোরীয় কোম্পানি পরিচালিত একটি জাহাজের ক্ষতির খবর জানান। তারা বলেন, সংযুক্ত আরব আমিরাতের উপকূলে নোঙর করা অবস্থায় জাহাজটিতে একটি বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তারা আরও জানান, এখন পর্যন্ত কোনো হতাহতের খবর নিশ্চিত করা হয়নি এবং তারা ঘটনার কারণ তদন্ত করে দেখছেন। (এনএইচকে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ১১ বছরের শিশু অন্তঃসত্ত্বা, অজ্ঞাত স্থান থেকে অভিযুক্তের ভিডিও বক্তব্য প্রচার

নেত্রকোনার মদন উপজেলায় ১১ বছরের মাদ্রাসা ছাত্রীর অন্তঃসত্ত্বা হয়ে পড়ার ঘটনায় করা মামলার আসামি মাদ্রাসার শিক্ষককে পুলিশ এখনো গ্রেফতার করতে পারেনি। তবে অজ্ঞাত স্থান থেকে ওই শিক্ষকের প্রচার করা একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে তিনি নিজেকে নির্দোষ দাবি করেছেন। এ বিষয়ে মামলার তদন্ত কর্মকর্তা মদন থানার উপ-পরিদর্শক আখতারুজ্জামান মুঠোফোনে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, শিশুটিকে একটি ক্লিনিকে পরীক্ষা-নিরীক্ষা করার পর অন্তঃসত্ত্বার বিষয়টি পরিবার নিশ্চিত হয়ে মাদ্রাসা শিক্ষকের বিরুদ্ধে মামলা করে। তারপর পুলিশের পক্ষ থেকে সরকারিভাবে জেলা হাসপাতালেও পরীক্ষা করে অন্তঃসত্ত্বার বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। আসামিকে গ্রেফতারের অভিযান অব্যাহত আছে। মদন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. তরিকুল ইসলাম বলেন, মামলার আসামিকে গ্রেফতারের জন্য গতকাল সোমবার রাত ৩টা পর্যন্ত বিভিন্ন স্থানে অভিযান চালানো হয় এবং তা অব্যাহত আছে। আশা করা যাচ্ছে, আসামিকে পুলিশ দ্রুত গ্রেফতার করতে সক্ষম হবে।

এদিকে, মঙ্গলবার সকাল থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে মামলার আসামির আত্মপক্ষ সমর্থনের একটি ভিডিও ছড়িয়ে পড়েছে। ৫ মিনিট ৪ সেকেন্ডের ভিডিওতে ওই শিক্ষককে বলতে শোনা যায়, অসুস্থতার জন্য তিনি কথা বলতে পারছেন না। তারপরও বিষয়টি পরিষ্কার করা প্রয়োজন বলে মনে করছেন। দেশের আইন ও বিচারের প্রতি শ্রদ্ধাশীল আছেন দাবি করে ওই শিক্ষক বলেন, তাকে নিয়ে অপপ্রচার চলছে, অপবাদ দেওয়া হচ্ছে। মেয়েটি এক সময় তার মাদ্রাসায় পড়লেও, ঘটনার সঙ্গে কোনোভাবে জড়িত নন। তার দাবি, তিনিও চান, প্রকৃত অপরাধীকে আইনের আওতায় আনা হোক। তিনি বলেন, "দেশের আইন আছে, সে আইন সঠিক অপরাধী যে, তাকে খুঁজে বের করবে। আপনারা অপরাধী খুঁজে বের করার আগেই যদি আমাকে অপরাধী বানিয়ে ফেলেন, তাহলে তো আসল অপরাধী পার পেয়ে যাবে।" স্থানীয় বাসিন্দা, এজাহার ও পুলিশ সূত্রে জানা গেছে, ওই শিক্ষক চার বছর আগে একটি মহিলা কওমি মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। শিশুটি তার নানার বাড়িতে থেকে সেখানে লেখাপড়া করত। শিশুটির বাবা তার মাকে ছেড়ে অন্যত্র চলে যাওয়ায়, জীবিকার তাগিদে মা সিলেটে একটি বাসায় গৃহপরিচারিকার কাজ করেন। গতকাল সোমবার শিশুটির মা মুঠোফোনে প্রথম আলোকে বলেছিলেন, "আমাকে আমার স্বামী ছেড়ে চলে গেছে। ছোটো তিন ছেলে ও এক মেয়ে লইয়া খুব কষ্ট করি। জীবিকার তাগিদে সিলেটে মানুষের বাসায় কাম করি। মেয়েডারে আমার বাপের বাড়িতে রাইখ্যা কষ্ট কইরা মাদ্রাসায় লেখাপড়া করাতে দিছিলাম। কিন্তু, হুজুর আমার এই শিশু বাচ্চাটার সঙ্গে এমন পিশাচের মতো কাজ করতে পারলো, আমি কোনোদিন স্বপ্নেও ভাবছিলাম না। এই ঘটনায় আমি তার দৃষ্টান্তমূলক শাস্তি চাই।"

চিকিৎসককে হুমকি, হয়রানি

শারীরিক পরীক্ষা-নিরীক্ষার পর মেয়েটির অন্তঃসত্ত্বা হওয়ার বিষয়টি নিশ্চিত করা চিকিৎসক সাইমা আক্তারকে বিভিন্নভাবে হয়রানি করা হচ্ছে। মুঠোফোনে বিভিন্ন হুমকি পাচ্ছেন। আজ দুপুর ১২টার দিকে সায়মার মুঠোফোন কল করা হলে ধরেন তার স্বামী মো. আসিফুল ইসলাম। তিনি প্রথম আলোকে বলেন, "গত দুইদিন আগে এ বিষয়টি নিয়ে একটি

বেসরকারি টেলিভিশন চ্যানেলে সাইমা বক্তব্য দেওয়ার পর থেকে তাকে নানাভাবে হ্যারাসমেন্ট (হয়রানি) করা হচ্ছে। সাইবার বুলিংয়ের শিকার হচ্ছেন। জীবন দুর্বিষহ হয়ে যাচ্ছে। সায়মা এবং আমি এখন ট্রমাটাইজ অবস্থায় আছি। সায়মার চিকিৎসক-সংক্রান্ত বিভিন্ন সার্টিফিকেট কাগজপত্র চাওয়া হচ্ছে, ক্যারিয়ার ধ্বংস করে দেওয়া হবে বলে হুমকি দেওয়া হচ্ছে, তাকে ধর্ষণের হুমকি দেওয়া হচ্ছে। এ বিষয় নিয়ে আমরা এখন আইনি ব্যবস্থা নেওয়ার কথা ভাবছি।” গত বৃহস্পতিবার মামলা হলেও, এখনো আসামিকে গ্রেফতার করতে না পারার বিষয়ে পুলিশ সুপার মো. তরিকুল ইসলাম বলেন, পুলিশ বিষয়টি নিয়ে খুবই আন্তরিকভাবে কাজ করছে। এ ঘটনা জানার পর পুলিশ উদ্যোগী হয়ে মেয়েটির মাকে সিলেট থেকে আনে এবং থানায় মামলা করা হয়। কিন্তু এর আগেই অভিযুক্ত শিক্ষক পরিবার নিয়ে পালিয়ে যান। আসামিকে গ্রেফতারের চেষ্টা চলছে। শিগ্গিরই গ্রেফতার করা সম্ভব হবে।”
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রনি)

## পশ্চিমবঙ্গে বিজেপি; বাংলাদেশে কোনো প্রভাব পড়বে?

ভারতের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে বিজেপি বড়ো জয় পেয়েছে। এই ফলাফল নিয়ে বাংলাদেশের আতঙ্কিত হওয়ার কিছু নেই বলে মনে করছেন বাংলাদেশের বিশ্লেষকেরা। তারা বলছেন, মাঠের রাজনীতির ভাষা নয়, দুই দেশের সম্পর্ক ঠিক হয় সরকারের নীতি অনুযায়ী। তবে তারা বলছেন, বাংলাদেশকে সতর্ক থাকতে হবে কারণ, পশ্চিমবঙ্গে অভ্যন্তরীণ সংকট তৈরি হতে পারে। আর স্থানীয়ভাবেও বাংলাদেশ-বিরোধী কিছু তৎপরতা দেখা দিতে পারে। তার প্রভাব পড়তে পারে বাংলাদেশ সীমান্তে ও বাংলাদেশে। এবারের নির্বাচনে বিজেপি ভোট চাওয়ার ক্ষেত্রে বাংলাদেশ-বিরোধী প্রচারণাকে বেশ কাজে লাগিয়েছে। মুসলিম-বিরোধী প্রচারও ছিল অনেক। অবশ্য সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলছেন, “নির্বাচনের আগে রাজনৈতিক প্রচারণা ভিন্ন জিনিস। কিন্তু সরকারকে মাঝপথ দিয়ে চলতে হয়, মধ্যপন্থি হতে হয়। সেখানে উগ্রতার জায়গা খুব বেশি নেই। কারণ উগ্র হতে গেলেই নানা ধরনের জটিলতা তৈরি হবে। আইন-শৃঙ্খলার ক্ষতি হবে, ব্যবসা-বাণিজ্যের ক্ষতি হবে, কর্মসংস্থানের ক্ষতি হবে। তাই মমতা বলুন, আর বিজেপি বলুন, যারাই শাসন ক্ষমতায় থাকুক, তারা এটা করতে চাইবে না বলেই আমার মনে হয়।” দুই দেশের সম্পর্ক একটি নতুন অবস্থার মধ্যদিয়ে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, “দুই দেশের সম্পর্ক একটা অ্যাডজাস্টমেন্টের মধ্যদিয়ে যাচ্ছে। এখন কেন্দ্রীয় সরকারে বিজেপি, রাজ্য সরকারেও বিজেপি। আর কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গির বাইরে গিয়ে রাজ্য সরকারের খুব বেশি কিছু করার নেই। তাই আমি সতর্কভাবে আশাবাদী হতে চাই যে, ভারত সরকার গত দুই বছরে বুঝেছে যে, বাংলাদেশের সাথে সম্পর্ক আগের মতো থাকবে না। বাংলাদেশ সমতার ভিত্তিতে মর্যাদাপূর্ণ সম্পর্ক চায়। আমরা সেই ভিত্তিতেই এগিয়ে যেতে চাই। তবে যদি পুশ-ইন করা, সীমান্তে গোলমাল করা বা কোনো কারণে যদি বাংলাদেশ বুঝতে পারে যে, তারা পশ্চিমবঙ্গকে ব্যবহার করছে বাংলাদেশের বিরুদ্ধে, তাহলে তো সম্পর্ক স্বাভাবিক হবে না। এতে যে শুধু আমাদের ক্ষতি হবে, তা নয়, তাদেরও ক্ষতি হবে।”

বাংলাদেশের সঙ্গে তিস্তা পানিবণ্টন চুক্তি ঝুলে আছে দীর্ঘদিন ধরে। মোদী সরকার এই চুক্তিতে সম্মত হলেও, মমতার রাজ্য সরকার এই চুক্তিতে সম্মত ছিল না বলেই করা যায়নি বলে কেন্দ্রীয় সরকারের ভাষ্য। এখন রাজ্যেও বিজেপি সরকার আসছে। তাহলে কি চুক্তি এবার হতে পারে? এই প্রশ্নের জবাবে সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলেন, “আসলে তখন ওটা একটা রাজনৈতিক বাতাবরণের কারণেই ওই রকম হয়েছে। তবে এখন দুই দেশ আবার আলোচনা শুরু করতে পারে।” আরেক সাবেক রাষ্ট্রদূত ও কূটনীতিক মুন্সি ফয়েজ আহমেদ মনে করেন, “বাংলাদেশে আগের সরকারের আমলে তিস্তা চুক্তি যেখানে থেমে ছিল, সেখান থেকে আবার শুরু করা যাবে বলে আমার মনে হয় না।” “আসলে একটা কারণে তো চুক্তি আটকে ছিল না। আগে যেহেতু একটা অজুহাত ছিল যে, মমতা সরকার এই চুক্তি চায় না, এখন সেই অজুহাত যেহেতু নেই, তাই আমরা তো চুক্তির আশা করতে পারি। আশা করতে তো দোষ নেই। এখন তো দুই দেশকে কথাবার্তা শুরু করতে হবে। আগে তো কথা হয়েছে। তবে, আগের সরকার যেখানে কথা শেষ করেছিল, সেখান থেকে শুরু করা যাবে বলে মনে হয় না। নতুন করে কথা শুরু করতে হবে,” বলে মনে করেন তিনি। মুন্সি ফয়েজ আহমেদ বলেন, পশ্চিমবঙ্গে বিজেপি ক্ষমতায় আসায় দুই দেশের সম্পর্কে কোনো নেতিবাচক পরিস্থিতির উদ্ভব হওয়ার আশঙ্কা নেই। “তবে নির্বাচনের সময় যে প্রচারণা দেখা গেছে, তার প্রতিফলন এখন যদি পশ্চিমবঙ্গে পড়ে, কোনো সাম্প্রদায়িক সংকট তৈরি হয়, কোনো গোলযোগ হয়, তার প্রভাব বাংলাদেশের সীমান্তে এবং বাংলাদেশে পড়বে” বলে আশঙ্কা করছেন তিনি। তবে মুন্সি ফয়েজ আহমেদও মনে করেন, “নির্বাচনের সময় ভোটের জন্য রাজনৈতিক প্রচারণা আর সম্পর্কের বাস্তবতা ভিন্ন জিনিস। পশ্চিমবঙ্গের সঙ্গে আমাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্যসহ আরো স্বার্থের বিষয় আছে। কেউই চাইবে না, সেটা ক্ষতিগ্রস্ত হোক। আর কেন্দ্রীয় সরকারের তো একটা নীতি আছে। সেই নীতির বাইরে তো রাজ্য যেতে পারবে না। এখন দুই দেশের উচিত হবে, সীমান্ত, পানি, ব্যবসা-বাণিজ্যসহ সব বিষয় আলাপ-আলোচনার মাধ্যমে এগিয়ে নেওয়া।” “আর আমাদের সতর্ক থাকতে হবে। তবে অতি সতর্কতার কারণে আমরা যেন আগাম কোনো ব্যবস্থা বা উদ্যোগ না নিই। সেটা ঠিক হবে না,” বলেন তিনি। এদিকে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ঢাকায় সাংবাদিকদের মঙ্গলবার জানিয়েছেন, “পশ্চিমবঙ্গের ক্ষমতার পালাবদলে ‘পুশ-ইনের’ ঘটনা ঘটলে ব্যবস্থা নেবে বাংলাদেশ।” সকালে রাষ্ট্রীয় অতিথি ভবনে ঢাকায় সফররত মার্কিন প্রতিনিধিদলের সাথে বৈঠক শেষে তিনি এ কথা

বলেন। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, "তিস্তা চুক্তি পশ্চিমবঙ্গের নতুন সরকারের আমলে হবে কিনা, সে সিদ্ধান্ত নেবে ভারত।" (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৫.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### সড়ক যোগাযোগ ব্যবস্থা নির্বিঘ্ন রাখতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ : প্রধানমন্ত্রী

দেশের সড়ক যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক ও নির্বিঘ্ন রাখতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (৫ মে) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত এক বৈঠকে এ কথা বলেন তিনি। বৈঠকে তিনি পিরোজপুর জেলার সড়কগুলো দ্রুত মেরামত করে যান চলাচলের উপযোগী করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। এসময় পিরোজপুর জেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) অধীনে বাস্তবায়িত এবং চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, সমস্যা ও করণীয় নিয়ে পর্যালোচনা করা হয়। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দেশের সড়ক যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক ও নির্বিঘ্ন রাখতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। বিশেষ করে যে-সব সড়ক দীর্ঘদিন ধরে অবহেলিত এবং বেহাল অবস্থায় রয়েছে, সেগুলো দ্রুত সংস্কার ও মেরামতের আওতায় আনতে হবে। পিরোজপুরের মানুষের ভোগান্তি কমাতে দ্রুত উদ্যোগ নেওয়ার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি সংশ্লিষ্ট দপ্তরগুলোকে এ বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজঃ০৫.০৫.২০২৬ রিহাব)

### পশ্চিমবঙ্গে বাংলাদেশ নিয়ে দেওয়া বক্তব্য রাজনৈতিক বাগাড়ম্বর

ভারতের পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের পর বাংলাদেশ নিয়ে দেওয়া বক্তব্য রাজনৈতিক বাগাড়ম্বর (পলিটিক্যাল রেটরিক) বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। মঙ্গলবার (৫ মে) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা জানান। গতকাল আমাদের প্রতিবেশী পশ্চিমবঙ্গে একটা নির্বাচন হয়েছে। আমাদের কোনো অবজারভেশন আছে কিনা বা বাংলাদেশের পক্ষ থেকে কোনো বিবৃতি আছে কি না- এ বিষয়ে জানতে চাইলে উপদেষ্টা বলেন, "কোনো অবজারভেশন নেই। এটা ভারতের অভ্যন্তরীণ নির্বাচনে যারা জিতবেন, যেই জিতুন, প্রথম কথাটা হচ্ছে, আমরা আসলে পশ্চিমবঙ্গের সঙ্গেও খুব বেশি আলাদা করে চিন্তা করতে চাই না।" তিনি বলেন, "যেমন একটা প্রসঙ্গ আনি, যে আমাদের তিস্তা চুক্তি নিয়ে এক সময় পশ্চিমবঙ্গকে আলাপে আনার চেষ্টা করা হয়েছে। দুটো রাষ্ট্রের মধ্যে যখন চুক্তি হয়, আসলে এটা দুটো রাষ্ট্রের চুক্তি হবে। সো ভারতের অভ্যন্তরীণ রাজ্যগুলোর মধ্যে জনগণ যাদেরকে নির্বাচিত করবে। হ্যাঁ, আমরা যেহেতু আমাদের একদম নেইবারিং এবং আমাদের সবচেয়ে লম্বা সীমান্ত ওই রাজ্যের সঙ্গে, আমাদের এই সম্পর্ক, ইন্টারঅ্যাকশন, এটা কন্টিনিউ করবে।" জাহেদ উর রহমান বলেন, "কিন্তু আমরা যেটা বলতে চাই, ভারত অ্যাজ আ স্টেট, পুরো রাষ্ট্র হিসেবে, বাংলাদেশের সঙ্গে তার যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক, আমাদের যে ইন্টারঅ্যাকশন, আমাদের পারস্পরিক বেনিফিটের যে সম্পর্ক, সেটা কোনো ক্ষেত্রেই বাধাগ্রস্ত হবে না।" প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা বলেন, এটা নিয়ে আসলে হয়ত প্রশ্নটা এই কারণে আসে যে, পশ্চিমবঙ্গের নির্বাচনে বাংলাদেশ একটা ফ্যাক্টর হয়েছে, বাংলাদেশকে নিয়ে নানা বক্তব্য দিয়েছে। আমি ব্যক্তিগতভাবে মনে করি, এগুলো সব এক ধরনের পলিটিক্যাল রেটরিক (রাজনৈতিক বাগাড়ম্বর)। সরকার গঠিত হওয়ার পর আমাদের সঙ্গে সুন্দর সহযোগিতার সম্পর্কই থাকবে। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গে সরকার গঠন করতে যাওয়া বিজেপি নেতা শুভেন্দু অধিকারী ভারতে আশ্রয় নেওয়া বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রীকে নিয়ে মন্তব্য করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজঃ০৫.০৫.২০২৬ রিহাব)

### হেফাজতের ৫৮ জন নিহত হওয়ার তথ্য রয়েছে : চিফ প্রসিকিউটর

২০১৩ সালের ৫ মে মাসে মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে ৫৮ জন নিহতের তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। মঙ্গলবার (৫ মে) তিনি সাংবাদিকদের এ তথ্য জানান। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর বলেন, এসব হত্যাকাণ্ডের ঘটনায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৩০ জনের সম্পৃক্ততার তথ্য পাওয়া যাচ্ছে। মো. আমিনুল ইসলাম বলেন, ২০১৩ সালের ৫ মে হেফাজতের সমাবেশকে কেন্দ্র করে দেশের তিনটি স্থানে হত্যাকাণ্ডের তথ্য পাওয়া গেছে। ঢাকায় দিনের বেলা ও রাতে হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। পরদিন নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে হত্যাকাণ্ড সংঘটিত হয়। কয়েকজন ব্লগারের বিরুদ্ধে ইসলাম ধর্ম নিয়ে কটূক্তি করার অভিযোগ ও নারী নীতির বিরোধিতা করাসহ ১৩ দফা দাবিতে ২০১৩ সালের ৫ মে মতিঝিলের শাপলা চত্বরে অবস্থান নেন হেফাজতে ইসলামের নেতা-কর্মীরা। সেদিন সারা দেশ থেকে ঢাকায় এসেছিলেন কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠনটির নেতা-কর্মীরা। ওই কর্মসূচিকে কেন্দ্র করে দিনভর উত্তেজনা ও সহিংসতা ছড়িয়েছিল। পরে রাতে পুলিশ, র‌্যাব ও বিজিবির যৌথ অভিযানে খালি করা হয় শাপলা চত্বর।
(জাগো নিউজ ওয়েব পেজঃ০৫.০৫.২০২৬ রিহাব)

### সুপ্রিম কোর্ট সচিবালয় সরাতে পদক্ষেপ, দুই সচিবকে লিগ্যাল নোটিশ

হাইকোর্টের আদেশ অমান্য করে সুপ্রিম কোর্ট সচিবালয় মন্ত্রণালয়ে স্থানান্তরের পদক্ষেপ নেওয়ায়, আদালত অবমাননার অভিযোগ এনে আইন মন্ত্রণালয়ের দুই সচিবকে লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট শিশির মনির। মঙ্গলবার (৫ মে) এই নোটিশটি পাঠিয়েছেন শিশির মনির। নোটিশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন আইনজীবী নিজেই। তিনি জানান, হাইকোর্টের আদেশ অমান্য করে সুপ্রিম কোর্ট সচিবালয় আইন মন্ত্রণালয়ে স্থানান্তরের পদক্ষেপ নেওয়া হয়েছে। এটা সুস্পষ্ট আদলত অবমাননা। এ বিষয়ে আপিল বিভাগেরও কোনো আদেশ নেই। এ কারণেই লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। নোটিশ প্রাপ্তির দুই সপ্তাহের ভেতর এ বিষয়ে দৃশ্যমান কোনো পদক্ষেপ না নিলে হাইকোর্টে রিট আবেদন করা হবে বলেও জানিয়েছেন শিশির মনির।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## অবহেলার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত

শিশুদের হামের টিকা দিতে অবহেলার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত বলে জানিয়েছেন, প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। বিষয়টি তদন্ত করে দেখা হবে বলেও জানিয়েছেন তিনি। মঙ্গলবার (৫ মে) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা জানান। অন্তবর্তী সরকারের সময়ে হামের টিকা না দেওয়া বিষয়টি নিয়ে আনুষ্ঠানিকভাবে তদন্ত হবে কি না- জানতে চাইলে উপদেষ্টা বলেন, "অফিসিয়ালি তদন্ত করা নিয়ে আমি ব্যক্তিগতভাবে এই ব্যাপারে কাজ করার চেষ্টা করছি। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে আমি কথা বলছি। আমি আশা করি, সরকার একটা তদন্ত করবে। দায়ী কারা ছিলেন বা অ্যাটলিস্ট আমরা কাউকে ধরে যে শাস্তি দিতে চাইছি, সেটার চাইতেও জরুরি কথা প্রবলেমগুলো কোথায় হলো। সো একটা ইনভেস্টিগেশন আসলে ভবিষ্যতে হেল্প করে যেন একই ধরনের ঘটনার রিপিটেশন না হয়। সেই কারণে অন্তত তদন্ত হওয়া উচিত বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি এবং আমি চেষ্টা করছি।" তিনি বলেন, "আমি এই ব্যাপারে আসলে কথা বলবো এবং আমি প্রয়োজনে প্রধানমন্ত্রীর সঙ্গেও কথা বলবো।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## রাষ্ট্রের সম্পাদিত চুক্তি ইচ্ছামতো বাতিল করা যায় না : বাণিজ্যমন্ত্রী

রাষ্ট্রের সম্পাদিত চুক্তি ইচ্ছামতো বাতিল করা যায় না বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন, রাষ্ট্রের মধ্যে সম্পাদিত কোনো চুক্তি ব্যক্তিগত চুক্তির মতো নয় যে, ইচ্ছামতো বাতিল করা যাবে। মঙ্গলবার (৫ মে) বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চ-এর সঙ্গে বৈঠক শেষে যুক্তরাষ্ট্রের সঙ্গে করা বাণিজ্য চুক্তি নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগের কিছু নেই বলেও জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। দুই দেশের মধ্যকার বাণিজ্য চুক্তিকে পারস্পরিক স্বার্থে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেছেন তিনি। বাণিজ্যমন্ত্রী বলেন, যে-কোনো আন্তর্জাতিক চুক্তি দুইপক্ষের সমন্বয়ে গড়ে ওঠে। এতে উভয়পক্ষের স্বার্থের বিষয়গুলো বিবেচনায় রেখেই একটি 'উইন-উইন' পরিস্থিতি তৈরি করা হয়। কাজেই, এই চুক্তি নিয়ে অযথা উদ্বেগের কিছু নেই। মন্ত্রী বলেন, বর্তমান সরকার এই চুক্তির সূচনাকারী নয়, তবে রাষ্ট্রীয় ধারাবাহিকতার অংশ হিসেবে এটি উত্তরাধিকার সূত্রে পেয়েছে। রাষ্ট্রের মধ্যে সম্পাদিত কোনো চুক্তি ব্যক্তিগত চুক্তির মতো নয় যে, ইচ্ছামতো বাতিল করা যাবে। এটি একটি বাস্তবতা এবং আমরা সেটিকে দেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে সর্বোচ্চভাবে কাজে লাগাতে চাই। তিনি আরও বলেন, সম্প্রতি যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে একটি তদন্ত প্রক্রিয়া (ইনভেস্টিগেশন) শুরু করা হয়েছে, যার বিষয়ে বাংলাদেশ ব্যাখ্যা চেয়েছে এবং প্রাপ্ত ব্যাখ্যার প্রেক্ষিতে নিজেদের অবস্থান ও পর্যবেক্ষণ জানানো হয়েছে। আমরা স্পষ্টভাবে জানিয়েছি, বিদ্যমান চুক্তির প্রেক্ষাপটে এ ধরনের তদন্ত শুরু না হলে, তা আরও ইতিবাচক হতো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## পাহাড় কেটে রোহিঙ্গাদের দোতলা ঘর, ক্ষোভে ফুঁসছেন স্থানীয়রা

কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে পাহাড় কেটে দুইতলা ঘর নির্মাণ করা হচ্ছে। জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআরের তত্ত্বাবধানে এসব ঘর নির্মাণ করা হলেও, স্থানীয়ভাবে কাজ বাস্তবায়ন করা হচ্ছে বলে জানা গেছে। বিষয়টি নিয়ে স্থানীয়দের মধ্যে উদ্বেগ ও উৎকণ্ঠা বিরাজ করছে। স্থানীয়রা জানান, উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পের ৪ নম্বর এক্সটেনশন 'ই' ব্লকে পাহাড় কেটে রাস্তা তৈরি করে ইট ও লোহা দিয়ে শত শত শেল্টার নির্মাণ করা হচ্ছে, যা স্থায়ী অবকাঠামোর ইঙ্গিত বহন করে। এরই মধ্যে ওই এলাকায় প্রায় ১০ ফুট প্রশস্ত একটি সড়ক নির্মাণ করা হয়েছে এবং আশপাশের পাহাড় কেটে প্রায় ৮৮৮টি ঘর নির্মাণকাজ চলমান রয়েছে। রোহিঙ্গা প্রতিরোধ ও প্রত্যাবাসন সংগ্রাম কমিটির মহাসচিব এবং উখিয়ার পালংখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম গফুর উদ্দিন চৌধুরী বলেন, এমনিতেই উখিয়া-টেকনাফে ১২ লাখের বেশি রোহিঙ্গার চাপে স্থানীয়রা বিপাকে রয়েছে। সেখানে যদি তাদের জন্য আরও শক্তিশালী অবকাঠামো নির্মাণ করা হয়, তা অত্যন্ত উদ্বেগজনক। তিনি আরও বলেন, এ ধরনের স্থায়ী ঘর নির্মাণ রোহিঙ্গাদের স্থায়ীভাবে বসবাসের সুযোগ তৈরি করবে এবং তাদের প্রত্যাবাসন প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করবে। পাশাপাশি পাহাড় কাটার কারণে পরিবেশের মারাত্মক ক্ষতি হচ্ছে, যা কোনোভাবেই মেনে নেওয়া হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## সশস্ত্র বাহিনীকে জনমুখী করতে জেলা প্রশাসকদের নির্দেশনা দেওয়া হয়েছে

সশস্ত্র বাহিনীকে জনমুখী করতে জেলা প্রশাসকদের নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম। মঙ্গলবার (৫ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের তৃতীয় দিনের প্রথম অধিবেশন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। ড. এ কে এম শামছুল ইসলাম বলেন, আজ জেলা প্রশাসকদের নিয়ে যে সম্মেলন ছিল, সেখানে প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনীর পক্ষ থেকে আমাদের বাহিনীর প্রধানদের যে চাওয়া, কর্মপদ্ধতি, পরিকল্পনাসহ আনুষঙ্গিক বিষয় নিয়ে জেলা প্রশাসকদের অবহিত করা হয়েছে। সরকারের দায়বদ্ধতার অবস্থান থেকে সশস্ত্র বাহিনীকে জনমুখী বাহিনীতে পরিণত করার জন্য জেলা প্রশাসকদের যে অবস্থান থাকার কথা, সেই দিক-নির্দেশনা আমরা দিয়েছি। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের যে দর্শন ছিল, সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। সেখানে আমাদের জেলা প্রশাসকদের কী ধরনের ভূমিকা থাকা উচিত, সে বিষয়েও আলোচনা করেছি। তিনি বলেন, আমাদের প্রধানমন্ত্রীর যে নির্দেশনাগুলো ছিল যে, পেশাদারিত্ব ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সেনাবাহিনীতে যেন আমরা শক্তিশালী জনবল সম্পৃক্ত করতে পারি। নির্বাচনে সেনাবাহিনী, জেলা প্রশাসক এবং সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের যে রোল ও হারমনিতে (সম্প্রীতি) কাজ করেছে, সেই হারমনি আরও কীভাবে শক্তিশালী করা যায়, সে বিষয় আলোচনা হয়েছে। প্রতিরক্ষা উপদেষ্টা আরও বলেন, পারস্পরিক আস্থা ও বিশ্বাস কীভাবে আরও বৃদ্ধি করা যায়, এ বিষয়ে আমরা আলোচনা করেছি। সর্বোপরি আমাদের প্রধানমন্ত্রীর যে দিক-নির্দেশনা ছিল, বিশেষ করে সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন এবং সশস্ত্র বাহিনীকে আরও শক্তিশালী করার, যে বিষয়গুলো জেলা প্রশাসকদের জানা উচিত, সে বিষয়গুলো সম্পর্কে আমরা তাদের অবহিত করেছি। সামগ্রিকভাবে এটা একটি ফলপ্রসূ আলোচনা পর্ব ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## তিনদিনের সফরে আজ চীন যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী

চীনের আমন্ত্রণে তিনদিনের সরকারি সফরে আজ বেইজিং যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ৫ থেকে ৭ মে পর্যন্ত বেইজিং সফর করবেন তিনি। সফরকালে চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-এর সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠকে বাণিজ্য, উন্নয়ন সহযোগিতা ও আঞ্চলিক-আন্তর্জাতিক ইস্যুতে গুরুত্বপূর্ণ আলোচনা হবে। মঙ্গলবার (৫ মে) সকালে পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, সফরকালে তিনি চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-এর সঙ্গে বৈঠকে বসবেন। বৈঠকে দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে বিস্তৃত আলোচনা হবে। একইসঙ্গে মধ্যপ্রাচ্যের পরিস্থিতিসহ সমসাময়িক আঞ্চলিক ও বৈশ্বিক নানা ইস্যুতে মতবিনিময় করবেন দুই মন্ত্রী। এছাড়া দুই দেশের উন্নয়ন নীতি ও কৌশলগত অগ্রাধিকারগুলোর সম্ভাব্য সমন্বয় নিয়েও আলোচনা হওয়ার কথা রয়েছে, যা ভবিষ্যতে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদারে ভূমিকা রাখতে পারে বলে মনে করা হচ্ছে। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সফরসঙ্গী হিসেবে থাকছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) চেয়ারম্যান আশিক চৌধুরীসহ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## ঈদে ট্রেনে ফিরতি যাত্রার টিকিট মিলবে ২১ মে

আসন্ন ঈদুল আজহা উপলক্ষ্যে ট্রেন যাত্রায় অগ্রিম টিকিট বিক্রির সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ রেলওয়ে। গত ৩০ এপ্রিল বাংলাদেশ রেলওয়ের এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলাদেশ রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী, ৩১ মে ফিরতি যাত্রার টিকিট মিলবে ২১ মে, ১ জুন ফিরতি যাত্রার টিকিট মিলবে ২২ মে, ২ জুনের টিকিট ২৩ মে, ৩ জুনের টিকিট ২৪ মে এবং ৪ জুন ফিরতি যাত্রার টিকিট ২৫ মে পাওয়া যাবে। রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী, ঈদের আগে আগামী ১৩ মে অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে। এদিন ২৩ মে যাত্রার টিকিট মিলবে। এছাড়া, ২৪ মে যাত্রার টিকিট ১৪ মে, ২৫ মে'র টিকিট ১৫ মে, ২৬ মে'র টিকিট ১৬ মে এবং ২৭ মে যাত্রার অগ্রিম টিকিট ১৭ মে পাওয়া যাবে। এবার ঈদযাত্রা রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী, যাত্রী সাধারণের টিকিট ক্রয় সহজলভ্য করার জন্য পশ্চিমাঞ্চলে চলাচলরত সব আন্তঃনগর ট্রেনের টিকিট সকাল ৮টা এবং পূর্বাঞ্চলে চলাচলরত সকল আন্তঃনগর ট্রেনের টিকিট দুপুর ২টা থেকে বিক্রি শুরু হবে। এসব টিকিটের শতভাগই অনলাইনে বিক্রি হবে। একজন যাত্রী ঈদে অগ্রিম এবং ফেরত যাত্রার ক্ষেত্রে সর্বোচ্চ একবার করে টিকিট ক্রয় করতে পারবেন। এক্ষেত্রে প্রতিবার সর্বোচ্চ চারটি টিকিট ক্রয় করতে পারবেন। এছাড়া, রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী ঈদের অগ্রিম এবং ফেরত যাত্রার টিকিট রিফান্ড করা যাবে না।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## জঙ্গিবাদের কথা স্বরাষ্ট্রমন্ত্রীও স্বীকার করেছেন

জঙ্গিবাদ নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী ও তার বক্তব্যের মধ্যে খুব বেশি ভিন্নতা নেই বলে দাবি করেছেন, প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। স্বরাষ্ট্রমন্ত্রীও জঙ্গিবাদের অস্তিত্বের কথা স্বীকার করেছেন বলে জানিয়েছেন তিনি। মঙ্গলবার (৫ মে) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন

কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা জানান। এর আগে, গত ২৮ এপ্রিল দেশে জঙ্গি রয়েছে স্বীকার করে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেন, "সরকার এটাকে শূন্যে নামিয়ে আনার চেষ্টা করছে।" একই দিন স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, দেশে কোনো জঙ্গিবাদ নেই। সর্বশেষ সোমবার (৪ মে) তথ্য উপদেষ্টার বক্তব্যের বিষয়ে জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "সেটা উনি কীভাবে বলেছেন, জানি না। হয়ত আপনাদের লেখার মধ্যেও মিস-ইন্টারপ্রেট (ভুল ব্যাখ্যা) হয়ে যেতে পারে। কিন্তু যেটা ডিসিপ্লিন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে, সেটাই তো শুনতে হবে।" প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা বলেন, "আমি একটা মন্তব্য করেছি, (দেশের জঙ্গিবাদের অস্তিত্ব আছে), প্রায় একই সময়ে বা একটু পরে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন, দেশে কোনো জঙ্গি নেই। আপনারা যদি পড়ে দেখেন, দেখবেন, ওনার বক্তব্য আর আমার বক্তব্যের মধ্যে খুব বেশি ভিন্নতা ছিল না। এটা হলো প্রথম কথা- মানে আমরা তো আসলে ফটো কার্ড করি এখন।" তিনি বলেন, "আমি এভাবে বলেছি যে, জঙ্গিবাদ একটা অতিরঞ্জন ছিল আওয়ামী লীগের সময়, তারা এটা দিয়ে ক্ষমতায় থাকার ন্যারেটিভ তৈরি করেছে। আবার কেউ কেউ 'কিছুই নেই আমাদের দেশে' এ ধরনের বলে, দুটোই কিন্তু নেগেটিভ। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীও কিন্তু বলেছেন যে, কিছু এক্সট্রিমিজমের অস্তিত্ব আছে। মানে, এই যে জঙ্গিবাদ আসলে উনি শব্দটা ব্যবহার করতে চাননি, ইনফ্যাক্ট আমি যা বলেছি, ওনার বক্তব্যের সঙ্গে আসলে খুব বেশি ভিন্নতা নেই।" (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## কোরবানির পশু পরিবহণে যে-সব রুটে চলবে ক্যাটল স্পেশাল ট্রেন

কোরবানির পশু পরিবহণে প্রতি ঈদুল আজহায় ক্যাটল স্পেশাল ট্রেন সার্ভিস চালু করে বাংলাদেশ রেলওয়ে। এবারও ক্যাটল স্পেশাল ট্রেন পরিচালনা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ৩০ এপ্রিল বাংলাদেশ রেলওয়ের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী, ক্যাটল স্পেশাল-১ ট্রেনটি ২২ মে সন্ধ্যা ৬টায় জামালপুরের দেওয়ানগঞ্জ বাজার রেলস্টেশন থেকে যাত্রা শুরু করে ২৩ মে ভোর ৫টা ৫০ মিনিটে ঢাকা পৌঁছাবে। ক্যাটল স্পেশাল-২ ট্রেনটি ২২ মে বিকেল সাড়ে ৩টায় জামালপুরের ইসলামপুর বাজার থেকে যাত্রা শুরু করে রাত ১টা ৪০ মিনিটে ঢাকায় পৌঁছাবে। ক্যাটল স্পেশাল-১ ট্রেনটি ২৩ মে সন্ধ্যা ৬টায় দেওয়ানগঞ্জ বাজার স্টেশন থেকে যাত্রা শুরু করে ২৪ মে ভোর ৫টা ৫০ মিনিটে ঢাকায় পৌঁছাবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## এক বছরের মধ্যেই সব ধাপের স্থানীয় সরকার নির্বাচন : মির্জা ফখরুল

আগামী এক বছরের মধ্যেই সব ধাপের স্থানীয় সরকার নির্বাচন দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (৫ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের ষষ্ঠ অধিবেশনে অংশ নেওয়া শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। জেলা প্রশাসকদের সঙ্গে স্থানীয় সরকারবিষয়ক এ অধিবেশনটি হয়। মির্জা ফখরুল বলেন, "আমরা আগেও বলেছি, এখনো বলছি- আমরা চাই, চেষ্টা করবো, এক বছরের মধ্যে আগামী স্থানীয় সরকার নির্বাচন হয়ে যাওয়ার জন্য।" স্থানীয় সরকার ব্যবস্থাকে শক্তিশালী করার ওপর জোর দিয়ে মন্ত্রী বলেন, "স্থানীয় সরকার শক্তিশালী করতে পারলে রাষ্ট্র শক্তিশালী হবে। ডিসি সম্মেলনে আমরা তাদের সামনে এই কথাটাই বলার চেষ্টা করেছি।" উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে জেলা প্রশাসকদের নেতৃত্ব দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, "আমাদের সরকারের, বিশেষ করে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেওয়া কর্মসূচিগুলো বাস্তবায়নের ক্ষেত্রে সংসদ সদস্য ও স্থানীয় সরকারের অন্য সদস্যদের সঙ্গে নিয়ে কাজ করতে হবে।" জনগণকে সঙ্গে নিয়ে কাজ করার তাগিদ দিয়ে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, "সবচেয়ে বড়ো কথা হচ্ছে, আমরা ডিসিদের বলেছি, জনগণকে সঙ্গে নিয়েই কাজ করতে হবে। কারণ জনগণই এই দেশের মালিক। তৃণমূল পর্যায়ের মানুষই সবকিছু নির্ধারণ করেন।" ডিসি সম্মেলনের গুরুত্ব তুলে ধরে মির্জা ফখরুল জানান, সরকারের জেলা পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মন্ত্রণালয়ের এমন মতবিনিময় অত্যন্ত ফলপ্রসূ। ভবিষ্যতে এ ধরনের মতবিনিময় ও যোগাযোগ আরও বাড়ানোর কথা বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ রুবাইয়া)

## সীমান্তে আছড়ে পড়লো বিএসএফের ড্রোন, এলাকায় আতঙ্ক

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়নের মগলিবাড়ী সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) একটি নজরদারি ড্রোন আছড়ে পড়েছে। মঙ্গলবার (৫ মে) দুপুরে বাংলাদেশের অভ্যন্তরে ড্রোনটি পাওয়ার পর থেকে সীমান্ত এলাকায় চরম উত্তেজনা ও চাঞ্চল্য বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে সীমান্তে টহল জোরদার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বর্তমানে ড্রোনটি বিজিবির হেফাজতে রয়েছে। জানা গেছে, দুপুর সাড়ে ১২টার দিকে তিস্তা ব্যাটালিয়নের (৬১-বিজিবি) আওতাধীন বুড়িমারী বিওপির মগলিবাড়ী সীমান্তের মেইন পিলার ৮৪১/৮-এস এলাকায় এ ঘটনা ঘটে। ভারতের কোচবিহার জেলার চ্যাংড়াবান্ধা সংলগ্ন ৯৮ হিমালয় ক্যাম্পের বিএসএফ সদস্যরা ড্রোন উড়িয়ে সীমান্তে নজরদারি চালাচ্ছিলেন। স্থানীয় ও বিজিবি সূত্র জানায়, উড়ন্ত অবস্থায় ড্রোনটি হঠাৎ যান্ত্রিক ত্রুটির কবলে পড়ে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। এক পর্যায়ে এটি সীমান্ত রেখা অতিক্রম করে বাংলাদেশের প্রায় ২০ গজ অভ্যন্তরে একটি ভুট্টা ক্ষেতে বিকট শব্দে আছড়ে পড়ে। এ সময় ওই জমিতে কাজ করা কৃষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা তাৎক্ষণিকভাবে বিষয়টি বুড়িমারী বিওপির বিজিবি সদস্যদের জানালে তারা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ড্রোনটি উদ্ধার করে নিজেদের নিয়ন্ত্রণে নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## এসএসসির খাতা নিতে পরীক্ষকদের অনীহা, ঢাকা বোর্ডের কঠোর নির্দেশনা

এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে নিয়োগপ্রাপ্ত পরীক্ষকদের অনেকেই নির্ধারিত সময়ে উত্তরপত্র সংগ্রহ করছেন না। এতে মূল্যায়ন কার্যক্রমে বিলম্ব ও জটিলতার সৃষ্টি হতে পারে বলে শঙ্কা প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। এ পরিস্থিতিতে পরীক্ষকদের জন্য কঠোর নির্দেশনা দিয়েছে বোর্ড। মঙ্গলবার (৫ মে) এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ইটিআইএফভুক্ত শিক্ষকদের পরীক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে, নিয়োগপ্রাপ্ত অনেক পরীক্ষক নির্ধারিত তারিখে বোর্ড থেকে উত্তরপত্র গ্রহণ করতে উপস্থিত হচ্ছেন না। ফলে মূল্যায়ন কার্যক্রমে বিলম্ব ও জটিলতার সৃষ্টি হতে পারে, যা পরীক্ষার সামগ্রিক ফলাফল প্রকাশে বিরূপ প্রভাব ফেলতে পারে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নিয়োগপ্রাপ্ত পরীক্ষকদের নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে অবশ্যই উত্তরপত্র গ্রহণ করতে হবে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ে উত্তরপত্র গ্রহণে ব্যর্থ হলে তা দায়িত্বে অবহেলা হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধানদের পরীক্ষকদের উত্তরপত্র গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে বলা হয়েছে। নির্দেশনাটি কঠোরভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বিষয়টি অত্যন্ত জরুরি হিসেবে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## ইলেকট্রিক গাড়িতে বাড়লো ঋণ সুবিধা, ব্যক্তিগত ঋণের সীমাও বৃদ্ধি

দেশে পরিবেশবান্ধব যানবাহনের ব্যবহার বাড়াতে সংশ্লিষ্ট গাড়ি কেনার জন্য ঋণ সুবিধা বাড়িয়েছে বাংলাদেশ ব্যাংক। একইসঙ্গে ব্যক্তিগত ঋণের সীমাও বৃদ্ধি করেছে। এ-সংক্রান্ত একটি সার্কুলার মঙ্গলবার (৫ মে) জারি করেছে কেন্দ্রীয় ব্যাংক। নতুন সার্কুলারে বলা হয়েছে, প্রচলিত গাড়ির ক্ষেত্রে একজন ব্যক্তি সর্বোচ্চ ৬০ লাখ টাকা পর্যন্ত অটো লোন নিতে পারবেন। তবে ইলেকট্রিক ও হাইব্রিড গাড়ি কিনতে এই সীমা বাড়িয়ে ৮০ লাখ টাকা করা হয়েছে। একইসঙ্গে, ঋণ ও নিজস্ব বিনিয়োগ (ডেট-ইকুইটি) অনুপাতেও পরিবর্তন আনা হয়েছে। সাধারণ গাড়ির ক্ষেত্রে সর্বোচ্চ ৬০:৪০ অনুপাতে ঋণ দেওয়া যাবে, আর ইলেকট্রিক ও হাইব্রিড গাড়ির ক্ষেত্রে তা বাড়িয়ে ৮০:২০ করা হয়েছে। এতে আরও বলা হয়, কোনো ব্যক্তির ওপর ঋণের মোট এক্সপোজার নির্ধারণের ক্ষেত্রে তার নির্ভরশীল সদস্যদের নেওয়া অটো লোনও অন্তর্ভুক্ত হবে। এছাড়া, ব্যক্তিগত ঋণের ক্ষেত্রেও সীমা বাড়িয়েছে কেন্দ্রীয় ব্যাংক। জামানত ছাড়া একজন ব্যক্তি সর্বোচ্চ ১০ লাখ টাকা ঋণ নিতে পারবেন। তবে যথাযথ জামানত থাকলে ব্যাংকগুলো বেশি ঋণ দিতে পারবে, কিন্তু কোনো অবস্থায়ই তা ৪০ লাখ টাকার বেশি হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## প্রতিরক্ষা খাতে সহযোগিতার বিষয়ে ইতালির সঙ্গে বাংলাদেশের আলোচনা

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন, বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো। মঙ্গলবার (৫ মে) ঢাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে ইতালির রাষ্ট্রদূতের নেতৃত্বে ৪ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দলের এ সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সাক্ষাৎকালে পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ পরিবেশে শুভেচ্ছা বিনিময়ের পাশাপাশি বাংলাদেশ ও ইতালির মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক, বিশেষ করে প্রতিরক্ষা সহযোগিতা জোরদারের সম্ভাবনা নিয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হয়। উভয় পক্ষই দুই দেশের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও গভীর ও বহুমাত্রিক করার ওপর গুরুত্বারোপ করেন। এ সময় প্রশিক্ষণ, সক্ষমতা বৃদ্ধি এবং অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে প্রতিরক্ষা খাতে পারস্পরিক সহযোগিতা সম্প্রসারণের বিষয়ে আলোচনা হয়। একইসঙ্গে আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা প্রেক্ষাপটে সহযোগিতা বৃদ্ধির বিষয়েও মতবিনিময় হয়। এই সৌজন্য সাক্ষাৎ দুই দেশের পারস্পরিক আস্থা, সহযোগিতা ও কৌশলগত সম্পর্ককে নতুন মাত্রায় উন্নীত করার বিষয়ে উভয় পক্ষ গুরুত্বারোপ করে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## জিআই ট্যাগ বানালো সরকার, ব্যবহার করতে হবে পণ্যের প্রচার-বাজারজাতে

দেশের ঐতিহ্যবাহী পণ্যগুলোকে আন্তর্জাতিকভাবে পরিচিত করতে ভৌগোলিক নির্দেশক (জিআই) ট্যাগ ব্যবহারের উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে জিআই ট্যাগ তৈরি করা হয়েছে। এ ট্যাগ ব্যবহার করে পণ্যের প্রচার, বাজারজাতকরণ এবং প্রদর্শনী কার্যক্রম আরও জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে, যাতে দেশীয় পণ্যের ব্র্যান্ড ভ্যালু ও রপ্তানি সম্ভাবনা বাড়ে। তবে, এ ট্যাগ বিকৃতি করলে পড়তে হবে শাস্তির মুখে। ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) বিধিমালা সংশোধন করে ট্যাগের ডিজাইন এবং এর ব্যবহারসংক্রান্ত নিয়ম-কানুন যুক্ত করা হয়েছে। সম্প্রতি শিল্প মন্ত্রণালয় থেকে এ সংশোধিত বিধিমালার প্রজ্ঞাপন জারি করা হয়। জিআই পণ্য এমন একটি পণ্য, যার বিশেষ গুণ, মান বা খ্যাতি নির্দিষ্ট ভৌগোলিক এলাকার সঙ্গে সরাসরি সম্পর্কিত। অর্থাৎ কোনো পণ্য যদি একটি নির্দিষ্ট অঞ্চল থেকে উৎপাদিত হয় এবং সেই অঞ্চলের মাটি, আবহাওয়া, ঐতিহ্য বা কারিগরি দক্ষতার কারণে

আলাদা বৈশিষ্ট্য অর্জন করে, সেটিই জিআই পণ্য।বাংলাদেশে পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর পণ্যের জিআই সনদ দিয়ে থাকে। সংশ্লিষ্টরা জানান, এরই মধ্যে ৬২টি পণ্যকে জিআই সনদ দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## বুধবার নোঙর ফেলবে এমটি নিনেমিয়া, ৭ মে চালু হচ্ছে ইস্টার্ন রিফাইনারি

সৌদি আরব থেকে এক লাখ টন ক্রুড নিয়ে আসা ট্যাংকার জাহাজ 'এমটি নিনেমিয়া' বুধবার বেলা ১১টায় কুতুবদিয়া অ্যাংকরে পৌঁছাবে। কাস্টমস ও সার্ভেয়ার কোম্পানির আনুষ্ঠানিকতা শেষ করে এদিন বিকেলেই ক্রুড লাইটারিং শুরু হওয়ার কথা রয়েছে। সবকিছু ঠিক থাকলে ৭ মে (বৃহস্পতিবার) ইস্টার্ন রিফাইনারির বন্ধ থাকা প্ল্যান্ট পুনরায় চালু করা হবে। ইস্টার্ন রিফাইনারির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী শরীফ হাসনাত জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। মঙ্গলবার বিকেলে তিনি বলেন, "এমটি নিনেমিয়া' মঙ্গলবার বিকেল ৪টা পর্যন্ত বাংলাদেশ জলসীমার ১৬০ নটিক্যাল মাইল দূরে ছিল। জাহাজটি বুধবার বেলা ১১টায় কুতুবদিয়ায় নোঙর করবে। আগে থেকেই লাইটারিংয়ের দুটি জাহাজ কুতুবদিয়া চলে যাবে। অফিসিয়াল আনুষ্ঠানিকতা শেষে বুধবার থেকেই লাইটারিং করার প্রস্তুতি নেওয়া হয়েছে। আশা করছি, ৭ মে আমাদের প্ল্যান্ট শুরু করা যাবে।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## বেসরকারি বিশ্ববিদ্যালয়কে জঙ্গি কারখানা হতে দেবো না : শিক্ষামন্ত্রী

দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আর জঙ্গি কারখানা হতে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, আমরা বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিয়ন্ত্রণ করবো না। তাদের স্বাধীনতা দেবো। কিন্তু এমন স্বাধীনতা দেওয়া হবে না যে, আরেকটা হলি আর্টিসান সৃষ্টি হয়। কিছুতেই বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আর জঙ্গিদের কারখানা হতে দেব না। মঙ্গলবার (৫ মে) রাত পৌনে ৯টার দিকে 'বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সমস্যা ও করণীয়' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর হোটেল শেরাটনে বেসরকারি বিশ্ববিদ্যালয় মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এপিইউবি) এ আলোচনা সভার আয়োজন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## বেদখল খাসজমি উদ্ধারে ডিসিদের নির্দেশ

সারা দেশে বেদখল হওয়া খাসজমি উদ্ধারে জেলা প্রশাসকদের (ডিসি) নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ভূমিমন্ত্রী মো. মিজানুর রহমান মিনু। মঙ্গলবার (৫ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের তৃতীয় দিনের সপ্তম অধিবেশন শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান। ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে অধিবেশনটি হয়। বেদখল হওয়া খাসজমি উদ্ধারে ডিসিদের কোনো নির্দেশনা দেওয়া হয়েছে কি না- জানতে চাইলে ভূমিমন্ত্রী বলেন, হ্যাঁ, অবশ্যই। খাসজমি, এটা বাংলাদেশের সরকারি সম্পত্তি। এটা অবশ্যই দেখ-ভালে আমরা নির্দেশনা দিয়েছি। গত ১৭ বছর ফ্যাসিস্ট আমলে এ ধরনের ইয়েগুলো (দখল) খুব বেশি হয়েছে। আমরা সবকিছুই খুব দ্রুত সময়ে পুনরুদ্ধারে সব কার্যকর পদক্ষেপ গ্রহণ করছি এবং গ্রহণ করার নির্দেশও দিয়েছি। ভূমি রেজিস্ট্রেশন ভূমি মন্ত্রণালয়ের অধীনে আনার উদ্যোগ নেবেন কি না- এমন প্রশ্নের জবাবে মিজানুর রহমান মিনু বলেন, "হ্যাঁ, এটা আমরা একই ছাতার নিচে আনার চেষ্টা করছি। অতীতে এটা ভূমি মন্ত্রণালয়ের আওতায় ছিল। চেষ্টা করছি পুনরায় ফিরিয়ে আনার।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## রোহিঙ্গা ক্যাম্পের হালিম বাহিনীর প্রধান গুলিতে নিহত

কক্সবাজারের উখিয়া রোহিঙ্গা ক্যাম্পে আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (আরসার) ছোড়া গুলিতে আরেক রোহিঙ্গা গ্রুপ প্রধান (হালিম বাহিনী) কেফায়েত উল্লাহ হালিম নিহত হয়েছেন। গুলিবিদ্ধ হয়েছেন আরও দুইজন। মঙ্গলবার (৫ মে) সন্ধ্যার পর উখিয়ার নৌকার মাঠ পুলিশ ক্যাম্পের আওতাধীন ৭ নম্বর রোহিঙ্গা ক্যাম্প এলাকায় এ ঘটনা ঘটে। নিহত কেফায়েত উল্লাহ হালিম উখিয়ার কুতুপালং ৭ নম্বর ক্যাম্পের বাদশা মিয়ার ছেলে। গুলিবিদ্ধরা হলেন একই ক্যাম্পের মোহাম্মদ উল্লাহ ও নুর মোহাম্মদ। বিষয়টি নিশ্চিত করেন ১৪ আর্মড পুলিশ ব্যাটালিয়নের অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মো. সিরাজ আমীন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ৭২ পরিবারকে ৩ কোটি টাকা অনুদান

চট্টগ্রামে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ৭২ পরিবারকে তিন কোটি ১২ লাখ টাকার ক্ষতিপূরণ অনুদান দিয়েছে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ)। মঙ্গলবার (৫ মে) হাটহাজারী নতুনপাড়ায় বিআরটিএ বিভাগীয় কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে অনুদানের চেক বিতরণ করা হয়। এর মধ্যে নিহত ৫৪ জনের পরিবারকে ২ কোটি ৭০ লাখ টাকা এবং আহত ১৮ জনকে ৪২ লাখ টাকা দেওয়া হয়। অনুষ্ঠানে বক্তারা বলেন, সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশে দাঁড়ানো রাষ্ট্রের গুরুত্বপূর্ণ মানবিক ও সামাজিক দায়িত্ব। এই ধরনের দুর্ঘটনায় অনেক পরিবার হঠাৎ করেই উপার্জনক্ষম সদস্যকে হারিয়ে আর্থিক ও মানসিক সংকটে পড়ে, যা তাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত করে। এই প্রেক্ষাপটে রাষ্ট্রীয় সহায়তা কেবল আর্থিক অনুদান হিসেবে সীমাবদ্ধ থাকে না, বরং এটি ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতি সহমর্মিতা ও দায়বদ্ধতার একটি প্রতিফলন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## দেশের সার্বভৌমত্ব-নিরাপত্তায় অপরিহার্য সুদৃঢ় সিভিল-মিলিটারি সম্পর্ক

একটি সুদৃঢ় সিভিল-মিলিটারি সম্পর্ক দেশের সার্বভৌমত্ব, নিরাপত্তা ও উন্নয়নের জন্য অপরিহার্য বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম। মঙ্গলবার (৫ এপ্রিল) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগবিষয়ক এক অধিবেশনে তিনি এ মন্তব্য করেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দেশের সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের উপস্থিতিতে অনুষ্ঠিত এ অধিবেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## দায়বদ্ধতা স্মরণ রেখে দায়িত্ব পালনের আহ্বান প্রধান বিচারপতির

বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের (ডিসি) দায়বদ্ধতা স্মরণ রেখে সর্বক্ষেত্রে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। জেলা প্রশাসক সম্মেলন উপলক্ষ্যে মঙ্গলবার (৫ মে) বিকেলে সুপ্রিম কোর্ট মিলনায়তনে প্রধান বিচারপতির সঙ্গে সাক্ষাৎ ও বিশেষ দিক-নির্দেশনা প্রদান অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। এদিন দেশের সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক প্রধান বিচারপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। অনুষ্ঠানে প্রধান বিচারপতি বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনামূলক বক্তব্য দেন। তিনি ডিসিদের রাষ্ট্রের নির্বাহী বিভাগ ও সাধারণ জনগণের মধ্যে কার্যকর সেতুবন্ধন হিসেবে উল্লেখ করেন। প্রধান বিচারপতি ডিসিদের সরকারের প্রতিচ্ছবি হিসেবে উল্লেখ করে তাদের জনগণ, সমাজ, রাষ্ট্র, সৃষ্টিকর্তা সর্বোপরি নিজের বিবেকের কাছে যে দায়বদ্ধতা আছে, তা সর্বদা স্মরণ রেখে সর্বক্ষেত্রে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান। অনুষ্ঠানে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি, মন্ত্রিপরিষদ সচিব, সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল ও সুপ্রিম কোর্ট রেজিস্ট্রির কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

## এবার সহকারী অ্যাটর্নি জেনারেল তারিকুলের পদত্যাগ

এবার সহকারী অ্যাটর্নি জেনারেল মো. তারিকুল ইসলাম পদত্যাগ করেছেন। তিনি মঙ্গলবার (৫ মে) অ্যাটর্নি জেনারেল বরাবর পদত্যাগপত্র জমা দেন বলে জাগো নিউজকে নিশ্চিত করেছেন। পদত্যাগপত্রে উল্লেখ করা হয়, তারিকুল ইসলাম আসন্ন সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি নির্বাচনে সহ-সম্পাদক পদে প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছেন। এ কারণ সহকারী অ্যাটর্নি জেনারেলের পদ থেকে পদত্যাগ করছেন। তারিকুল ইসলাম বলেন, “আমি জামায়াতসহ ১০ দলীয় জোট-সমর্থিত আইনজীবী ঐক্য প্যানেল থেকে নির্বাচন করবো।” সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচন আগামী ১৩ ও ১৪ মে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এর আগে, ডেপুটি অ্যাটর্নি জেনারেল রেজাউল করিম খন্দকার পদত্যাগ করেন। তিনি রোববার (৩ মে) অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার কাছে নিজের পদত্যাগপত্র জমা দেন। পরে অ্যাটর্নি জেনারেলের কার্যালয় তার পদত্যাগপত্রটি সলিসিটর কার্যালয়ে পাঠায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৫.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে আতঙ্কিত না হওয়ার আহ্বান বাণিজ্যমন্ত্রীর

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। মঙ্গলবার (৫ মে) সচিবালয়ে মার্কিন প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে তিনি এ আহ্বান জানান। মন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বিদ্যমান বাণিজ্য চুক্তি চাইলেই বাতিল করা যায় না। এই চুক্তি উত্তরাধিকার সূত্রে পাওয়া। সরকারের মূল লক্ষ্য দেশের স্বার্থ সুরক্ষা নিশ্চিত করা জানিয়ে তিনি বলেন, চুক্তির কোনো ধারা যদি বাংলাদেশের স্বার্থবিরোধী হয়, তাহলে তা পুনর্বিবেচনার সুযোগ চুক্তিতেই রয়েছে। তাই যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে অহেতুক আতঙ্কিত না হওয়ার অনুরোধ জানাই। এর আগে, গত ৯ ফেব্রুয়ারি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত বাড়তি শুল্কের প্রভাব কমাতে ঢাকা-ওয়াশিংটন একটি পারস্পরিক শুল্ক (রিসিপ্রোকাল ট্যারিফ) চুক্তি সই করে। বাংলাদেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন সাবেক বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিন এবং সাবেক জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান। যুক্তরাষ্ট্রের পক্ষে স্বাক্ষর করেন দেশটির বাণিজ্য প্রতিনিধি (ইউএস ট্রেড রিপ্রেজেন্টেটিভ) রাষ্ট্রদূত জেমিসন গ্রিয়ার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশের সাবেক বাণিজ্য সচিব মাহবুবুর রহমান এবং যুক্তরাষ্ট্রের সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডান লিঞ্চ।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## আইসিইউ ও গ্যাস্ট্রোলিভার সেন্টার উদ্বোধন জুবাইদা রহমানের

রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতালে ৫০ শয্যার আইসিইউ, প্যাথলজি প্যাভিলিয়ন ও গ্যাস্ট্রোলিভার সেন্টার উদ্বোধন করছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। মঙ্গলবার (৫ মে) কুর্মিটোলা হাসপাতালে সরাসরি উপস্থিত থেকে তিনি এগুলো উদ্বোধন করেন। এ সময় সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তারা তার সঙ্গে ছিলেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## সৌদি আরবে আরও ২ বাংলাদেশি হজযাত্রীর মৃত্যু

সৌদি আরবে আরও দুই বাংলাদেশি হজযাত্রীর মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর মোট ৯ জন বাংলাদেশি হজযাত্রী মৃত্যুবরণ করেছেন। সোমবার (৪ মে) দিবাগত রাত ৩টায় ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালের আইটি হেল্পডেস্কের নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, মৃতদের মধ্যে আটজন পুরুষ ও একজন নারী। তাদের মধ্যে মক্কায় সাতজন এবং মদিনায় দুইজন মারা গেছেন। সর্বশেষ সোমবার বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ফরিদপুর সদরের মো. নাসিরউদ্দিন বিশ্বাস (৫৮) এবং চাঁপাইনবাবগঞ্জের মাহফুজা বেগম (৫২) মক্কায় ইন্তেকাল করেন। ধর্ম মন্ত্রণালয় জানিয়েছে, তাদের মৃত্যু স্বাভাবিক কারণে হয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## হামের টিকার আওতায় ১ কোটি ৬১ লাখ শিশু : প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা

দেশে হামের উপসর্গে ৩ শতাধিক শিশুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় দুঃখ প্রকাশ করে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেছেন, “এর থেকে মর্মান্তিক কিছু হতে পারে না।” সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে মঙ্গলবার (৫ মে) সচিবালয়ে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে তিনি আরও জানান, ইতোমধ্যে ১ কোটি ৬১ লাখ শিশু হাম-রুবেলা টিকা পেয়েছে এবং আগামী কয়েক দিনের মধ্যেই শতভাগ টিকাদানের লক্ষ্য অর্জিত হবে বলে আশা করা হচ্ছে। ডা. জাহেদ উর রহমান বলেন, “এবার হাম নিয়ে যে সংকট তৈরি হয়েছে, ভবিষ্যতে অন্য কোনো রোগ কিংবা হাম নিয়েও, এমন পরিস্থিতি হবে না। ন্যূনতম সভ্য জাতি হলে এসব বিষয়ে সমস্যা করা উচিত নয়।” তিনি বলেন, “অন্তবর্তী সরকারের শিশু মৃত্যুর মতো কোনো খারাপ উদ্দেশ্য ছিল না। তবে টিকার বিষয়টি খতিয়ে দেখার প্রয়োজন রয়েছে এবং এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা হয়েছে।” ডেঙ্গু পরিস্থিতি নিয়ে তিনি বলেন, “সংশ্লিষ্ট দপ্তরগুলো প্রস্তুতি শুরু করেছে এবং এবার বড়ো ধরনের ডেঙ্গু প্রকোপ হবে না বলে আশা করছে সরকার।” জ্বালানি সংকট প্রসঙ্গে তিনি বলেন, “ভবিষ্যতের সংকট মোকাবিলায় ফুয়েল পাস ব্যবস্থা চালু থাকবে।” বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে উপদেষ্টা জানান, ২৮ এপ্রিল থেকে ৪ মে পর্যন্ত দেশে কোথাও লোডশেডিং করতে হয়নি। তবে উৎপাদন ঘাটতি, সঞ্চালন লাইনের ত্রুটি কিংবা বিদ্যুৎকেন্দ্রের সমস্যার কারণে কোথাও কোথাও সংকট দেখা দিতে পারে। গরম বাড়লে সীমিত আকারে লোডশেডিং হতে পারে বলেও জানান তিনি। এ ক্ষেত্রে সুষমভাবে লোডশেডিং করার চেষ্টা করবে সরকার। শিক্ষার্থীদের জন্য ইলেকট্রিক স্কুল বাস আমদানিতে শুল্ক শূন্য করার সিদ্ধান্তের কথাও জানান তিনি। হাওরের ক্ষতিগ্রস্ত কৃষকদের এককালীন সাড়ে ৭ হাজার টাকা অনুদান দেওয়ার ঘোষণা দিয়ে তিনি বলেন, “স্থানীয় কৃষি কর্মকর্তারা ক্ষতিগ্রস্তদের তালিকা প্রস্তুত করছেন।” স্থানীয় সরকার নির্বাচন প্রসঙ্গে তিনি জানান, এ বছরের শেষ দিকে নির্বাচন শুরু হতে পারে এবং ধাপে ধাপে তা সম্পন্ন করতে ১০ মাস থেকে এক বছর সময় লাগতে পারে। উপজেলা পরিষদকে দুর্বল করার কোনো পরিকল্পনা সরকারের নেই বলেও জানান তিনি। তিনি আরও বলেন, “স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকবিরোধী অভিযান চলমান রয়েছে এবং জুলাই যোদ্ধাদের ভাতা কার্যক্রমও অব্যাহত আছে।” সশস্ত্র বাহিনীর ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রসঙ্গে তিনি বলেন, “নির্বাচনের পর সেই ক্ষমতা আর নেই এবং খুব বেশিদিন সশস্ত্র বাহিনীকে মাঠে রাখা হবে বলে মনে হয় না।” ভারত-বাংলাদেশ সম্পর্ক নিয়ে তিনি বলেন, “পুরো রাষ্ট্র হিসেবে ভারতের সঙ্গে বাংলাদেশের সৌহার্দ্যপূর্ণ ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট সম্পর্ক কোনোভাবেই বাধাগ্রস্ত হবে না।” পশ্চিমবঙ্গের নির্বাচনের সময় বাংলাদেশ নিয়ে যে-সব বক্তব্য দেওয়া হচ্ছে, সেগুলোকে তিনি রাজনৈতিক বক্তব্য হিসেবে দেখছেন। সরকার গঠনের পর দুই দেশের মধ্যে সুন্দর সহযোগিতামূলক সম্পর্ক বজায় থাকবে বলেও আশা প্রকাশ করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কই ঠিক করবে আগামীর ইন্দো-প্‌্যাসিফিক অঞ্চলের কৌশল

ইন্দো-প্যাসিফিক অঞ্চলের ভবিষ্যৎ কৌশল নির্ধারণে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সম্পর্কই মূল ভূমিকা পালন করবে বলে মন্তব্য করেছেন মার্কিন দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি পল কাপুর। ওয়াশিংটন ডিসিতে ‘সিলেক্ট ইউএসএ ইনভেস্টমেন্ট সামিট ২০২৬’-এ অংশ নিতে যাওয়া ২৫ সদস্যের বাংলাদেশি ব্যবসায়ী প্রতিনিধি দলের সম্মানে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বাংলাদেশ সংবাদ পল কাপুর জানান, সাম্প্রতিক বিভিন্ন চুক্তির ফলে বাংলাদেশে মার্কিন ব্যবসা ও পণ্য প্রবেশের ক্ষেত্রে বিদ্যমান অশুল্ক বাধাগুলো দূর হয়েছে, যা মার্কিন প্রতিষ্ঠানগুলোর জন্য নতুন সম্ভাবনা তৈরি করেছে। বিশেষ করে বোয়িংয়ের উড়োজাহাজ কেনার সিদ্ধান্তের জন্য তিনি বাংলাদেশকে ধন্যবাদ জানান। তার মতে, দুই দেশের এই ক্রমবর্ধমান অংশীদারিত্বই আগামী দিনে দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ভূ-রাজনীতিতে দিক-নির্দেশক হিসেবে কাজ করবে। চলতি মাসের ৩-৬ তারিখে অনুষ্ঠিত এই সামিটে ১০০টির বেশি দেশ থেকে প্রায় ৫ হাজার প্রতিনিধি অংশ নিচ্ছেন। এর মধ্যে ২৭০০ বিনিয়োগকারী ব্‌্যবসায়ী। বাংলাদেশ প্রতিনিধি দলের সম্মানে একটি সংবর্ধনার আয়োজন করেছিল ওয়াশিংটন ডিসির ইউএস বাংলাদেশ বিজনেস কাউন্সিল। ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিল আয়োজিত এই সংবর্ধনা অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন এবং যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক মো. আরিফুল ইসলামসহ দুই দেশের উচ্চপদস্থ কূটনীতিক ও ব্যবসায়িক নেতারা উপস্থিত ছিলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## ৫ হাজার ৬০০ মিটার নিচে গ্যাসের খোঁজ

দেশজুড়ে যখন গ্যাস সংকটের চাপ স্পষ্ট, তখন মাটির আরও গভীরে সম্ভাবনার খোঁজে নেমেছে বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল)। ব্রাহ্মণবাড়িয়ার তিতাসে দেশের ইতিহাসে প্রথমবারের মতো পাঁচ হাজার ৬০০ মিটার গভীর পর্যন্ত কূপ খননের উদ্যোগ নেওয়া হয়েছে। এই ডিপ ড্রিলিং প্রকল্পটি বাস্তবায়ন করছে চীনের প্রতিষ্ঠান সিনোপেক কনট্র্যাক্টিং অ্যান্ড ড্রিলিং কোম্পানি লিমিটেড (সিসিডিসি)। গতকাল সোমবার তিতাস গ্যাসক্ষেত্রে চোখে পড়ে ব্যস্ত এক কর্মযজ্ঞ। বিশাল ড্রিলিং রিগ অবিরাম ঘুরছে, চারপাশে দেশি ও চীনা কর্মীদের সমন্বিত কাজ। ধাতব শব্দ আর যন্ত্রের কম্পনে মাটির গভীরে লেখা হচ্ছে সম্ভাবনার হিসাব। সীমা ছাড়িয়ে গভীর অনুসন্ধান দেশে আগে সর্বোচ্চ ৪৯০০ মিটার পর্যন্ত কূপ খননের রেকর্ড রয়েছে। এবার সেই সীমা ছাড়িয়ে ৫ দশমিক ৬ কিলোমিটার বা প্রায় ১৮ হাজার ৩৭২ ফুট গভীর পর্যন্ত যাওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে। সাধারণত এই গভীর স্তরে বড়ো গ্যাস মজুতের সম্ভাবনা থাকে বলে ধারণা সংশ্লিষ্টদের। বিজিএফসিএলের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আব্দুল জলিল প্রামাণিক জানান, এই কূপ খনন শেষে একই রিগ ব্যবহার করে বাখরাবাদেও আরেকটি কূপ খনন করা হবে। দুটি প্রকল্পে মোট ব্যয় ধরা হয়েছে ৫৯৪ কোটি টাকা। সব পরিকল্পনা অনুযায়ী এগোলে প্রায় দুই টিসিএফ গ্যাস পাওয়ার সম্ভাবনা রয়েছে। তবে চূড়ান্ত নিশ্চিত হতে খনন শেষে বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## পশ্চিমবঙ্গে যে সরকারই আসুক, আমাদের ফরেন পলিসি একই থাকবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ভারতের নির্বাচন দেশটির অভ্যন্তরীণ বিষয় বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি বলেন, পশ্চিমবঙ্গে যে সরকারই আসুক না কেন, বাংলাদেশের ফরেন পলিসি পরিবর্তন হবে না। বাংলাদেশ সংবাদ আজ মঙ্গলবার (৫ মে) দুপুরে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের একটি কার্য অধিবেশন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। পশ্চিমবঙ্গের নতুন সরকার বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, দেখুন, ভারতের নির্বাচন ভারতের অভ্যন্তরীণ ব্যাপার। আমাদের ফরেন... বাংলাদেশের ফরেন পলিসি অ্যাক্রস দ্য বোর্ড একই থাকবে। তিনি বলেন, আমাদের বাংলাদেশ প্রথম বা বাংলাদেশ ফার্স্ট নীতিতে আমাদের ফরেন পলিসি। সেটা যে সরকারই আসুক না কেন, সেই সঙ্গে আমাদের ফরেন পলিসি পরিবর্তন হবে না। আমরা আমাদের ফরেন পলিসি নিয়েই সবার সঙ্গে আলোচনার ভিত্তিতে এগোবো। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর কাছে সিএজি'র অডিট রিপোর্ট পেশ

প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে ২০২১-২২ অর্থবছরের অডিট রিপোর্ট পেশ করেছেন মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক মো. নূরুল ইসলাম। আজ মঙ্গলবার (৫ মে) বিকেলে সচিবালয়ে প্রধানমন্ত্রীর দফতরে এই অডিট রিপোর্ট পেশ করা হয়েছে বলে জানিয়েছেন তার প্রেস সচিব সালেহ শিবলী। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে সরকারি বিভিন্ন দপ্তর ও সংস্থার ৩৮টি রিপোর্ট পেশ করা হয়েছে। এই রিপোর্টের (কমপ্লায়েন্স ও পারফরম্যান্স অডিট) ওপর প্রাপ্ত পর্যবেক্ষণ, সুপারিশ সংক্রান্ত তথ্য প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় জানায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ নম্বর ১২৮(১) এবং কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪-এর ধারা ৫ অনুযায়ী অডিট রিপোর্ট প্রণয়ন করা হয়। এর ধারাবাহিকতায় ১৭টি মন্ত্রণালয় ও বিভাগ এবং এর আওতাধীন বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, প্রতিষ্ঠান ও প্রকল্পের ওপর মোট ৩৮টি কমপ্লায়েন্স ও পারফরমেন্স অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের আগে বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (সিএজি) পেশ করলেন প্রধানমন্ত্রীর কাছে। এই সময়ে সিএজিকে, প্রধানমন্ত্রী জনগণকে বিভিন্ন সেবা প্রদানের উদ্দেশ্যে সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে এবং সরকার কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পসমূহের উদ্দেশ্য যথাযথভাবে অর্জিত হচ্ছে কি না, সে বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে কমপ্লায়েন্স অডিটের পাশাপাশি পারফরমেন্স অডিট সম্পাদনের ওপর বিশেষ গুরুত্বারোপ করেছেন। অডিট রিপোর্ট পেশের সময় মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি, অর্থ সচিব খায়েরুজ্জামান মজুমদারসহ সংশ্লিষ্ট বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## ক্ষমতার পালাবদলে 'পুশ-ইনের' ঘটনা ঘটলে ব্যবস্থা নেবে বাংলাদেশ : পররাষ্ট্রমন্ত্রী

পশ্চিমবঙ্গের ক্ষমতার পালাবদলে 'পুশ-ইনের' ঘটনা ঘটলে বাংলাদেশ ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মঙ্গলবার (৫ মে) সকালে রাষ্ট্রীয় অতিথি ভবনে ঢাকা সফররত উচ্চপর্যায়ের একটি মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে তিনি এ মন্তব্য করেন। তিস্তা মহাপরিকল্পনা নিয়ে চীন সফরে আলোচনা হবে বলে জানান পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, "অবশ্যই তিস্তার কথা হবে। এটা সেই অঞ্চলের মানুষের মরণ-বাঁচনের বিষয়। তারা ডাক দিয়েছে জাগো বাহে। সেই ডাকে যদি সাড়া না দিই, তাহলে আমরা আছি কেন? প্রধানমন্ত্রীর অঙ্গীকার, সেই অঞ্চলের সমস্যার সুরাহা করার। এই অঙ্গীকার পালন করবো। চীন সফরে এই বিষয়ে নিশ্চয়ই আলোচনা করবো।"
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৫.০৫.২০২৬ এলিনা)

## পিরোজপুরের সড়কগুলো দ্রুত যান চলাচলের উপযোগী করার নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান পিরোজপুর জেলার সড়কগুলো দ্রুত মেরামত করে যান চলাচলের উপযোগী করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। মঙ্গলবার বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত এক বৈঠকে তিনি এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর প্রেস উইং বিষয়টি নিশ্চিত করেছে। সূত্র জানায়, পিরোজপুর জেলায়

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে বাস্তবায়িত এবং চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, সমস্যা ও করণীয় নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দেশের সড়ক যোগাযোগ ব্যবস্থাকে স্বাভাবিক ও নির্বিঘ্ন রাখতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। বিশেষ করে, যে-সব সড়ক দীর্ঘদিন ধরে অবহেলিত এবং বেহাল অবস্থায় রয়েছে, সেগুলোকে দ্রুত সংস্কার ও মেরামতের আওতায় আনতে হবে। পিরোজপুরের সাধারণ মানুষের ভোগান্তি কমাতে দ্রুত উদ্যোগ নেওয়ার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি সংশ্লিষ্ট দপ্তরগুলোকে এ বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। বৈঠকে উপস্থিত কর্মকর্তারা পিরোজপুর জেলার এলজিইডি প্রকল্পগুলোর পূর্ববর্তী অগ্রগতি ও বাস্তবায়ন পরিস্থিতি তুলে ধরেন। আলোচনায় উঠে আসে, বিগত আওয়ামী লীগ সরকারের সময় এসব প্রকল্প বাস্তবায়নে নানা ধরনের অনিয়ম ও দুর্নীতির ঘটনা ঘটেছিল। কয়েকটি প্রকল্পে তৎকালীন স্থানীয় সংসদ সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা দুর্নীতির সঙ্গে জড়িত ছিলেন। এ সময় প্রধানমন্ত্রী স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

## সোলার প্যানেল স্থাপন নিয়ে সরকারের নতুন নির্দেশনা

আগামী পাঁচ বছরের মধ্যে সৌরবিদ্যুৎ পাঁচ হাজার মেগাওয়াট উন্নীত করার জন্য অফিসের ছাদে সোলার প্যানেল স্থাপনের নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। "মঙ্গলবার দুপুরে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়সংক্রান্ত কার্য-অধিবেশন শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি একথা বলেন। ডিসিদের নির্দেশনা দেওয়ার কথা জানিয়ে মন্ত্রী বলেন, অতি দ্রুত সোলারের মাধ্যমে আমাদের পাঁচ বছরে মিনিমাম, ৫ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের প্ল্যান আছে। সেটা বাস্তবায়নের জন্য ডিসি সাহেবদের প্রত্যেকটা অফিসে এবং জেলার প্রত্যেকটা অফিসের রুফটপে লাগানোর জন্য বলা হয়েছে। আমাদের ক্যাবিনেট ডিভিশন থেকেও ডিসিদেরকে যা অর্থ দরকার, অর্থের জোগান তাদেরকে অতি দ্রুত দুই মাস, তিন মাসের মধ্যে এটা শেষ করার জন্য অনুরোধ করেছি। তিনি বলেন, আশা করি, তারা সেই কাজটা দ্রুতই হাতে নেবে, আর তা শুরু করতে পারলে আমাদের বিদ্যুতের অনেক সাশ্রয় হবে। ডিসি সম্মেলনে আমরা আমাদের জ্বালানি এবং বিদ্যুতের যে পরিস্থিতি সেটা তুলে ধরলাম। জ্বালানি মন্ত্রী বলেন, কিছুদিন আগে যে একটি কৃত্রিম সংকটের সৃষ্টি করা হয়েছিল, সেখানে জেলা প্রশাসকরা প্রো-অ্যাকটিভ রোল প্লে করেছে। তাদের সহযোগিতায় আমরা সেই সমস্যা থেকে উত্তরণ ঘটাতে পেরেছি। সেজন্য তাদেরকে ধন্যবাদ জানিয়েছি এবং আমাদের বিদ্যুৎ এবং জ্বালানির যে পরিস্থিতি, সেটার সম্বন্ধে তাদের অবহিত করেছি এবং বলেছি, এই ব্যাপারে তাদের সহযোগিতা প্রয়োজন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

## আরব আমিরাতে হামলায় গভীর উদ্বেগ বাংলাদেশের

সংযুক্ত আরব আমিরাতে বেসামরিক অবকাঠামোর ওপর সাম্প্রতিক হামলায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এই উদ্বেগ প্রকাশ করা হয়। বিবৃতিতে বলা হয়, এই হামলা আরব আমিরাতে বসবাসরত বাংলাদেশিদের জীবনসহ বেসামরিক নাগরিকদের জীবনের জন্য গুরুতর ঝুঁকি সৃষ্টি করেছে। দুর্ভাগ্যবশত, এই অঞ্চলে চলমান সংঘাতে ইতোমধ্যে আটজন বাংলাদেশি প্রাণ হারিয়েছেন। এতে আরো বলা হয়, বাংলাদেশ দৃঢ়ভাবে বিশ্বাস করে, সব বিরোধ সংলাপ ও কূটনীতির মাধ্যমে সমাধান করা উচিত। সেই সঙ্গে এই অঞ্চলের অস্থিতিশীল পরিস্থিতিকে আরো উত্তপ্ত করতে পারে, এমন যে-কোনো পদক্ষেপ থেকে সংশ্লিষ্ট সব পক্ষকে বিরত থাকার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। উল্লেখ্য, সোমবার সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরাহ প্রদেশের তেল স্থাপনায় ড্রোন ও মিসাইল হামলার খবর দেয় দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। তবে এই হামলার পেছনে কারা আছে, তা স্পষ্ট হয়। দেশটির দাবি, ইরান থেকে ছোড়া একাধিক ব্যালিস্টিক মিসাইল, ক্রুজ মিসাইল ও ড্রোন তাদের আকাশসীমায় প্রবেশ করলে সেগুলো প্রতিহত করার চেষ্টা চালানো হয়। ফুজাইরাহ প্রদেশের একটি তেল স্থাপনায় ড্রোন আঘাত হানে। ড্রোন হামলার পরপরই ওই পেট্রোলিয়াম শিল্প এলাকায় ভয়াবহ আগুনের সূত্রপাত হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

## এখন অনেকটাই সুস্থ মীর্জা আব্বাস

ক্রমেই সুস্থ হয়ে উঠছেন প্রবীণ রাজনীতিবিদ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপি স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাস। এমনটাই জানিয়েছেন তার সহধর্মিণী আফরোজা আব্বাস। তিনি বলেন, এখন অনেকটাই সুস্থ মীর্জা আব্বাস। পুরোপুরি সুস্থ হয়ে খুব শিগ্গিরই তিনি দেশে ফিরবেন। মীর্জা আব্বাসের প্রতি দেশবাসী ও নেতা-কর্মীদের ভালোবাসা ও দোয়ার জন্য কৃতজ্ঞতার পাশাপাশি তার পরিপূর্ণ সুস্থতার জন্য সকলের কাছে দোয়া চেয়েছেন আফরোজা আব্বাস। এর আগে, গত ১১ মার্চ হঠাৎ অসুস্থ হয়ে পড়লে মীর্জা আব্বাসকে প্রথমে এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয়। এর চারদিন পর উন্নত চিকিৎসার জন্য এয়ার এম্বুলেন্সে নেওয়া হয় সিঙ্গাপুরে। সেখানে একমাস চিকিৎসাধীন থাকার পর অবস্থার উন্নতি হলে তাকে নেওয়া হয় মালয়েশিয়ার প্রিন্সকোর্ট মেডিকেল সেন্টারে। বর্তমানে সেখানেই নিয়মিত থেরাপি ও চিকিৎসকদের নিবিড় পরিচর্যায় রয়েছেন প্রবীণ এই রাজনীতিবিদ। (রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

## বোয়িংয়ের সঙ্গে চুক্তির পর এবার তৎপর এয়ারবাস

যুক্তরাষ্ট্রের উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের কাছ থেকে ৩ দশমিক ৭ বিলিয়ন ডলারে ১৪টি উড়োজাহাজ কেনার চূড়ান্ত চুক্তি সইয়ের পর এবার তৎপর হয়ে উঠেছে ইউরোপীয় উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাস। সংস্থাটি বাংলাদেশ বিমানে মিশ্র বহর গঠনে সহায়তা করতে আগ্রহ প্রকাশ করেছে। মঙ্গলবার সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানমের সঙ্গে সাক্ষাৎ করে এয়ারবাসের ভাইস প্রেসিডেন্ট এডওয়ার্ড ডেলাহায়ে এ আগ্রহ প্রকাশ করেন। এর মাধ্যমে এয়ারবাস বাংলাদেশের বিমান পরিবহণ খাতে নিজেদের উপস্থিতি আরো বাড়ানোর ইঙ্গিত দিল। বৈঠকে এয়ারবাসের পক্ষ থেকে বিমানের বহরে বোয়িংয়ের পাশাপাশি এয়ারবাসের উড়োজাহাজ অন্তর্ভুক্ত করার বিষয়ে যুক্তি তুলে ধরা হয়। প্রতিষ্ঠানটির মতে, মিশ্র বহর বিমান বাংলাদেশ এয়ারলাইনসের জন্য উপকারী হবে। এ সময় মন্ত্রী প্রস্তাবকে স্বাগত জানান এবং জাতীয় বিমান সংস্থার বহর সম্প্রসারণ ও আধুনিকায়নের সুযোগগুলো কাজে লাগাতে এয়ারবাসের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার প্রতিশ্রুতি দেন। বৈঠকে বাংলাদেশের বেসামরিক বিমান খাতে বিস্তৃত সহযোগিতা নিয়েও আলোচনা হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

# BBC

**US ESTABLISHES 'RED, WHITE AND BLUE DOME' ABOVE THE STRAIT OF HORMUZ: HEGSETH**

Hegseth goes on to say the US has established a "powerful red, white and blue dome" above the Strait of Hormuz. He says this is to provide 24/7 surveillance of "peaceful" commercial vessels - except for those from Iran. Six Iranian ships were turned around by the US "iron-clad" blockade, he adds. The US defence secretary says the manoeuvre also has humanitarian intentions to prevent shortages from hitting the "poorest" people in the world.
(BBC News Web Page: 05/05/26, FARUK)

**EXPLOSION AT CHINA FIREWORKS FACTORY KILLS 26 PEOPLE**

An explosion at a fireworks factory in China's Hunan province has killed 26 people and left 61 wounded, according to state media. Rescue operations have wrapped up at the Huasheng Fireworks plant in the southern city of Liuyang, after an explosion on Monday afternoon forced authorities to evacuate everyone within a 3km radius of the plant. Authorities deployed more than 1,500 emergency responders, along with dogs, drones, and robots. They rescued seven people who were trapped under debris. Police, who are investigating the cause of the blast, have taken "control measures" against the staff in charge of the fireworks company, Chinese state media reported.
(BBC News Web Page: 05/05/26, FARUK)

**SOUTH KOREA REVIEWS TRUMP'S STRAIT OF HORMUZ PROPOSAL: FOREIGN MINISTRY**

South Korea is "reviewing the US proposal concerning the Strait of Hormuz", the country's foreign ministry says in a statement. It adds it is "closely monitoring" President Trump's remarks on the vital waterway. On Monday, South Korea said an investigation was launched after a "suspected strike" on a cargo vessel in the strait, following a reported explosion in the ship's engine room. Trump later said "perhaps it's time for South Korea to come and join the mission!" As a reminder, Trump announced his so-called "Project Freedom" on Sunday which he says aims to "guide" stranded vessels out of the strait.
(BBC News Web Page: 05/05/26, FARUK)

**TWO KILLED AND MANY INJURED AFTER CAR DRIVEN INTO CROWD IN GERMAN CITY OF LEIPZIG**

Two people are dead and several others injured after a car drove into a crowd in the eastern German city of Leipzig on Monday afternoon, local authorities said. Leipzig Mayor Burkhard Jung said the suspected perpetrator - who authorities have confirmed is a 33-year-old German citizen - was arrested. Jung added that authorities were not yet clear about a motive. Police confirmed a car had struck several people in the central Grimmaische Strabe area before driving off. Authorities said 22 people were injured, including three seriously. Michael Kretschmer, the head of the state of Saxony, of which Leipzig is a part, said the suspect previously suffered from mental illness. (BBC News Web: 05/05/26, FARUK)

**HANTAVIRUS MAY HAVE SPREAD BETWEEN PASSENGERS ON CRUISE SHIP: WHO**

The World Health Organization says it believes there may have been human-to-human transmission of hantavirus on the Dutch cruise ship where three passengers have died. The virus is usually spread from rodents, but the WHO said in this instance it could have been spread among "really close contacts" aboard the MV Hondius vessel, before stressing that

such transmission was rare and the risk to the public was low. "Some people on the ship were couples, they were sharing rooms, so that's quite intimate contact," WHO official Dr Maria Van Kerkhove said. The WHO suspects that the first person to fall ill could have contracted the virus before boarding the ship, she added. Some 149 people from 23 countries remain on the ship under "strict precautionary measures", Oceanwide Expeditions has said. It has been moored off the coast of Cape Verde since Monday, the WHO said. (BBC News Web Page: 05/05/26, FARUK)

**ZELENSKY CONDEMNS RUSSIAN 'UTTER CYNICISM' AS IT STRIKES AHEAD OF TRUCE**

Ukraine's President Volodymyr Zelensky has condemned Russia's "cynicism" for continuing to launch deadly attacks despite seeking a pause in hostilities. Russia, which is preparing to hold celebrations to mark victory in World War Two this weekend, said it would hold a ceasefire on 8 and 9 May and threatened a "massive missile strike" on central Kyiv if Ukraine violated the truce. But Kyiv said it would observe an open-ended ceasefire from midnight on 6 May, and that Ukraine would act "symmetrically" from that point on. As the warring sides were announcing the moves, five people were killed and dozens injured in combined missile and drone strikes across Ukraine overnight. "It's utter cynicism to ask for silence to hold propaganda celebrations and to launch such missile-drone attacks every day beforehand," Zelensky said. (BBC News Web Page: 05/05/26, FARUK)

**SUDAN ACCUSES ETHIOPIA AND UAE OF ORCHESTRATING DRONE ATTACKS ON AIRPORT**

Sudan has accused neighbouring Ethiopia and the United Arab Emirates (UAE) of orchestrating drone strikes on its main airport, describing the assault as "direct aggression". The international airport, located in the capital, was hit on Monday, along with military installations in the Greater Khartoum area. Recent drone strikes have shattered a period of relative calm in Khartoum, which came after the paramilitary Rapid Support Forces (RSF) was pushed out by the Sudanese military last year. Ethiopia has said accusations that it was involved in the airport attack are "baseless". The UAE has not yet commented, but has previously denied involvement in the Sudanese conflict. Sudan has recalled its ambassador to Ethiopia for "consultations" over the attack, Foreign Minister Mohieddin Salem said. No-one was wounded in the attack, Sudan's information minister told the Reuters news agency. (BBC News Web Page: 05/05/26, FARUK)

**NINE COAL MINERS DIE IN GAS EXPLOSION IN COLOMBIA**

Nine people have died in an explosion at a coal mine in Colombia in the latest fatal accident to hit the country's mining sector. Emergency workers said they had rescued six miners from the shafts in Sutatausa, north of the capital, Bogota. Colombia's national mining agency said a build-up of gases was thought to have caused the explosion at 16:00 on Monday. It also published a list of recommendations it said it had made to the mine's operators after an inspection less than a month ago, in which it had warned of a "potentially dangerous gas build-up". Many mines in Colombia are operated informally and without proper safety standards. (BBC News Web Page: 05/05/26, FARUK)

**ROMANIAN PM OUSTED IN NO-CONFIDENCE VOTE**

Romanian MPs have voted to remove Prime Minister Ile Bolojan in a no-confidence vote in parliament. The largest party, the left-wing Social Democrats, abandoned Bolojan's four-party coalition last month and joined the far-right opposition to call for the vote. The Social Democrats have repeatedly clashed with Bolojan, a liberal, over austerity measures aimed at reducing the budget deficit. President Nicusor Dan, who is now expected to try to rebuild the coalition under a different prime minister, has sought to give reassurances that Romania - an EU and Nato member which borders Ukraine - will retain its pro-Brussels stance. A total of 281 MPs voted for the no-confidence motion, well above the 233 needed for the measure to pass. (BBC News Web Page: 05/05/26, FARUK)

**:: THE END ::**

**:: THE END ::**